গাযওয়াতুল হিন্দ

কড়া নাড়ছে আপনার দুয়ারে

মাওলানা আবু মুসআব হাফিযাহুল্লাহ

গাযওয়াতুল হিন্দ
কড়া নাড়ছে আপনার দুয়ারে

ড. আইমান সাদীদ

সম্পাদনা
মাওলানা আবু মুসআব হাফিযাহুল্লাহ

প্রকাশনায়
শায়েখ আবদুল্লাহ ইউসুফ আয্যাম রিসার্চ সেন্টার

অর্পণ...

সাইয়্যেদুল মুজাহিদীন নবীউস-সাইফ,
নবীউল-মালাহিম, রাহমাতুল লিল আলামীন
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরে।
যিনি ১৪১০ বছর আগে "গাযওয়াতুল হিন্দ"-এর
ভবিষ্যদ্বাণী করেছেন।

ও

আসন্ন *গাযওয়াতুল হিন্দ*-এ
অংশগ্রহণকারী
সকল আনসার ও মুহাজিরগণের
সাফল্য কামনায়...

দ্বিতীয় সংস্করণের অভিব্যক্তি

সকল প্রশংসা শুধুই আল্লাহর যিনি আমাদেরকে আশরাফুল মাখলুকাত তথা সৃষ্টির শ্রেষ্ঠজীব মানুষ হিসেবে সৃষ্টি করে ঈমানের মতো মহা-মূল্যবান সম্পদ দান করেছেন এবং সাথে সাথে সেই সম্পদ রক্ষার কার্যকরি পদ্ধতিও শিক্ষা দিয়েছেন। শত-কোটি দুরুদ ও সালাম সাইয়্যেদুল মুজাহিদীন নবীউস-সাইফ নবীউল-মালাহিম রাহমাতুল লিল আলামীনের উপর যিনি বদর থেকে উহুদ, উহুদ থেকে খন্দক, খন্দক থেকে হুনাইন এভাবে মাত্র দশ বছরে ২৭ টি রণাঙ্গনে নিজের পবিত্র রক্ত ও ঘাম ঝরিয়ে এবং ৫৬ টি রণাঙ্গনে সাহাবায়ে কেরামের কাফেলা প্রেরণ করে তার জীবদ্দশায়ই মোট ৮৩ টি লড়াইয়ের নেতৃত্ব দিয়ে উম্মতকে একটি সুরক্ষিত দীন উপহার দিয়ে গেছেন এবং নিজের দান্দান মোবারক শহীদ করে ও নিজের শত শত প্রাণপ্রিয় সাহাবায়ে কেরামের জীবন উৎসর্গ করে কিয়ামত পর্যন্ত আগত সকল উম্মতকে এই মহান দীনের হেফাজত ও সংরক্ষণের বিশুদ্ধ পদ্ধতি শিক্ষা দিয়ে গেছেন। আলহামদুলিল্লাহ! যে শিক্ষার ফলে আজ দেড় হাজার বছরের দীর্ঘ পরিক্রমায় এসেও আমরা বিশ্বব্যাপী সেই দীনের জন্য নিজেদের জীবন ও সম্পদ উৎসর্গকারী একটি রক্ত পিচ্ছিল কাফেলার বিজয়ী পদচারণা দেখতে পাই। যেই কাফেলার নিকট এ পর্যন্ত বিশ্বের প্রায় সকল সুপারপাওয়ার তথা পরাশক্তি তাদের পরাজয়ের স্বীকারোক্তি দিতে বাধ্য হয়েছে এবং বর্তমানেও হচ্ছে। ইন শা' আল্লাহ ভবিষ্যতেও হতেই থাকবে। আর হক-বাতিলের এই জয়-পরাজয়ের বিশেষ একটি গুরুত্বপূর্ণ অধ্যায়ের নাম **"গাজওয়াতুল হিন্দ"** তথা হিন্দুস্তানের লড়াই। যা নিয়েই রচিত এই গ্রন্থটি। আলহামদুলিল্লাহ মাত্র দুই মাসে যার প্রথম সংস্করণ নিঃশেষ হয়ে

যাওয়াই প্রমান করে বাংলাদেশী পাঠকদের নিকট বিষয়টির গুরুত্ব কতোটা অপরিসীম। একে একে পাঁচ মাসে শেষ হয় প্রায় ৬ হাজার কপি। তবে দুঃখজনক হলেও সত্য, সংশ্লিষ্ট বিষয়ে বাংলা ভাষায় এই ক্ষুদ্র পুস্তিকাটিই একমাত্র অবলম্বন। এ ছাড়া বাংলা ভাষায় এ বিষয়ে অন্য কোন গ্রন্থ আমাদের দৃষ্টিগোচর হয়নি। এ বিষয়টির শূন্যতা ও গুরুত্ব অনুধাবন করেই আমাদের বর্তমান সংস্করটি। যা সত্যানুসন্ধানী পাঠককে গাজওয়াতুল হিন্দের জন্য কিছুটা হলেও যথাযথ ও পূর্ণ প্রস্তুতি নিতে সহায়তা করবে বলে আমাদের বিশ্বাস। তাই যে সকল পাঠক পূর্বের বইটি সংগ্রহ করেছেন তাদের জন্য বর্তমান সংস্করণটিও সংগ্রহ করা একান্ত জরুরি বলে মনে করছি।

অবশেষে প্রার্থনা আল্লাহ তা'আলা আমাদেরকে যথাযথভাবে গাজওয়াতুল হিন্দ ও মালহামা তথা তৃতীয় বিশ্বযুদ্ধের প্রস্তুতি নেওয়ার তাওফিক দান করুন। ক্ষুদ্র এ কাজটি লেখক এবং পাঠক ও প্রকাশকসহ সংশ্লিষ্ট সকলের জন্য কাল হাশরে নাজাতের জরিয়া বানান। শাহাদাতে উযমা নসীব করুন। আমিন। ইয়া রাব্বাল আলামিন।

ড. আইমান সাদীদ

১৮ জমাদিউল আউয়াল ১৪৪১ হিজরী

১৫ জানুয়ারী ২০২০ ঈসায়ী

০১ মাঘ ১৪২৬ বাংলা

রাত. ২ টা ২১ মিনিট

আপনাকে কেন?

গাযওয়াতুল হিন্দ। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র জবাননিসৃত দুটি শব্দ। ১৪০০ বছরের খণ্ড খণ্ড ইতিহাস জড়িয়ে আছে মধু মাখা শব্দ যুগলে। কাঙ্ক্ষিত স্বপ্ন পুঁজি করে কত সাহাবী ও তাবেয়ী লহু লাল ঝরিয়েছেন এই পবিত্র মাটিতে। নাম না জানা কত তাবেয়ী ও আইম্মাহ জীবনের শেষ রক্তটুকু উৎসর্গ করেছেন এই হিন্দের মাটিতে। নববী ভবিষ্যদ্বাণীকে সত্যরূপে প্রস্ফুটিত করতে কে জানে কত জীবন শেষ নিশ্বাস ত্যাগ করেছে এই মাটিতে। হাদিসের ভাষ্যমতে কালের অন্তিম লগ্নে (কেয়ামত অবধি) খুন ঝরাবে মুসলিম এই মাটিতে। লাখো কোটি মুসলিম এই পবিত্র মাটির বরকত উসিলায় পেয়েছেন শহিদ-গাজীর মর্যাদা। ইনশাআল্লাহ এ লড়াই চলবে। কেয়ামত অবধি চলবে সভ্যতার এ সংঘাত। পৃথিবীতে হক ও বাতিলের, সত্য ও মিথ্যার, আলো ও অন্ধকারের দ্বন্দ-সংঘাত চিরন্তন ও আপোষহীন। ইসলামের শুরুলগ্ন থেকেই দানা বেঁধেছে হক ও বাতিলের চিরন্তন সেই সংঘাত। সর্বপ্রকার বাঁধা বিপত্তি, বিরোধিতা ও আক্রমণের ঝড় ঝঞ্ঝা উপেক্ষা করে ইসলাম সফলতার স্বর্ণ শিখরে আরোহণ করেছে। "মুসলিম" জাতি মরতে পায় না ভয়। প্রতিটি মুসলিম শিশু জন্মগত ভাবে নিজেকে আল্লাহর রাহে উৎসর্গ করতে শেখে। দিলের শেষ রক্ত কণিকা জিইয়ে সে শহিদের তামান্না অন্তরে আগলে রাখে।

কিন্তু যদি তামান্নার বাস্তবায়নের পথ ও পদ্ধতি হয় রাসুলের ভবিষ্যদ্বাণীকৃত পথে! যদি সে কন্টকময় পথের শেষে মেলে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক বিজয় সুসংবাদ!

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা কখনই মুমিন হতে পারবে না, যাবৎনা আমাকে ভালোবাসো দুনিয়ার সবচেয়ে বেশি। নিজের জান মাল এবং সন্তান সন্তানাদীর থেকেও বেশী।

আল্লাহ তাআলা বলেন, আল্লাহ তোমাদের থেকে তোমাদের জান ও মালকে খরিদ করে নিয়েছেন জান্নাতের বিনিময়ে। মুসলিম তো সওদা করতেই এসছে। দুনিয়ার সেরা সওদা তো সেটাই যা দুনিয়ার রবের সাথে করা হয়।

সত্যিকারের সঠিক ও চৌকান্না সওদাকারী তো সেই যে, ক্রেতার হক পূর্ণরূপে আদায় করে থাকে।

দ্বিতীয়ত, মহান আল্লাহ রাব্বুল ইজ্জত প্রতিটি যুগে পাঠিয়েছেন তার উপযোগী বাসিন্দাকেই। যেমন ইবনে মাসউদ রাযিআল্লাহু আনহু -এর প্রসিদ্ধ উক্তি "আরে তারা তো প্রিয় মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সঙ্গী সাহাবি, আল্লাহ তাদেরকে বেছে নিয়েছেন একমাত্র প্রিয়নবীর সান্নিধ্যের জন্য!।

হ্যা; আল্লাহ তাদেরকে তাঁর নবীর সোহবতের জন্যই বাছাই করেছেন। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সময় প্রয়োজন ছিল দ্বীনের এমন ধারক বাহক যারা দ্বীনকে পুঙ্খানুপুঙ্খভাবে বুঝবে এবং দ্বীনের প্রতিটি আহকাম সঠিকরূপে মুখস্থ করে হেফাযত করবে। তাই আল্লাহ রাব্বুল আলামিন তাঁর সাথী করেছিলেন প্রখর মেধার অধিকারী সাহাবিগণকে এবং তাদের সাথী বানিয়েছেন তাবেয়ীগণকে।

যখন মিথ্যার সংমিশ্রণ ঘটে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর পবিত্র হাদিসসমূহে, তখন আল্লাহ দুনিয়াতে নবীর ওয়ারিশ করে পাঠান এমন ওয়ারিশে নবী মুহাদ্দিসগণকে যারা মিথ্যা ও মিথ্যার মিশ্রণ থেকে সহিহ ও সঠিক হাদিসকে বের করে আনেন। যেমন সূক্ষ্মদর্শী আটার খামিরা থেকে চিকন চুলকে বের করে থাকেন।

ঠিক তেমনই ইতিহাসের এই অন্তিমলগ্নে আপনার ও আমার অবস্থান কোনো কাকতালীয় ঘটনা নয়। ইসলামকে কফিনবদ্ধ করে যখন শেষ পেরেকটি এঁটে দেয়া হচ্ছে এমন সময়ে আমার আপনার অবস্থান কোনো নিছক ঘটনাপ্রবাহ নয়। বরং আলিমুন হাকিম মহান আল্লাহ রাব্বুল আলামিনের কোন কিছুই খেলতামাশা নয়। অবশ্যই আপনার আমার অবস্থানের পেছনে রয়েছে ঐশী ভাবধারার এক গভীর অন্তমিল।

দিলের কান দিয়ে, গভীর নিশ্বাস ফেলে, আখিদ্বয় বন্ধ করে অন্তত একবার চিন্তা করুন, কেন? কোন্ ঐশী প্রেক্ষাপটকে বাস্তবায়নের জন্য উম্মাহর ব্যথাতুর লগ্নে আপনাকে প্রেরণ করেছেন।

কারণ আল্লাহ আপনার সাথে কৃত সওদা পূর্ণ করতে চান। আল্লাহ আপনাকে সাজরব পূর্ণ বাগবাগিচার মালিক বানাতে চান। আল্লাহ আপনাকে কবরের আঁস্তাকুড়ে বদ্ধ রাখতে মোটেও চাননা। আল্লাহ চান আপনাকে মারযিয়ার স্বামী বানাতে। আল্লাহ চান আপনি সবুজ পাখি হয়ে, সবুজ পাখির বুকে হয়ে জান্নাতে ঘুরে বেড়ান। আল্লাহ চান আপনি ১৪০০ বছর পরে এসেও ১৪০০ বছর পূর্বের নববী গাযওয়ার সাওয়াব হাসিল করেন।

হ্যা! আমার প্রিয় ভাই, আমি সত্যিই বলছি, আল্লাহ আপনাকে কোনো বিশেষ উদ্দেশ্য নিয়েই এই অন্তিমলগ্নে পাঠিয়েছেন। আল্লাহ আপনাকে কোনো উদ্দেশ্য ছাড়াই হিন্দের যোদ্ধা মাটিতে জন্মদান করেননি। আল্লাহ চান আপনি খাইরুশ শুহাদা শুহাদা -এর মর্যাদা হাসিল করেন। আল্লাহ চান আপনি গাজী হয়ে গুনাহমুক্ত জীবনযাপন করেন।

আর এ মহা সফলতার উপলব্ধি আপনি তখনই করতে পারবেন যখন আপনি হিন্দ বিষয়ক নববী ভবিষ্যদ্বাণীগুলো পর্যালোচনা করতে শিখবেন। যখন আপনি হিন্দ -এর অতিত ও বর্তমান ইতিহাস সামনে রেখে নিজ অবস্থানকে বিবেচনা করবেন এ সত্য ভোরের ন্যায় আপনার কাছে প্রস্ফুটিত হবে।

সত্যি বলতে প্রতিটি মুসলমানের মতো আমরাও বর্তমান হিন্দ ও আমাদের অবস্থান নিয়ে ভাবতাম। বক্ষমান গ্রন্থটি আমাদের দীর্ঘ ভাবনার ঘরে তোলা ফসল। আজ আপনাদেরকে শুনাবো ভাবনার প্রতিটি পরতের আঁছড়ে পড়া ঢেউ তরঙ্গের আর্তনাদ। আজ আপনাদের শুনাবো হৃদয় নিঙরানো শেষ ব্যথাটুকু।

তো প্রিয় পাঠক, একটু নড়েচড়ে বসুন। কিছু সময়ের জন্য ধারাবাহিকভাবে অধ্যয়নে নিজেকে নিমগ্ন রাখুন। ইনশাআল্লাহ হয়তো আল্লাহ আমাদের জন্য কোন খাইর ও কল্যাণ সুপ্ত রেখেছেন এই ক্ষুদ্র গ্রন্থটিতে।

গ্রন্থটির ধারা সংক্ষিপ্তরূপে বর্ণনা করছি

প্রথম পাঠ : হাদিসসমূহের পর্যালোচনা ও হাদিস থেকে মৌলিক কিছু পাঠ উপলব্ধি।

দ্বিতীয় পাঠ : কিছু অপপ্রচার নিধনে যইফ হাদিস নিয়ে একটি পর্যালোচনা।

তৃতীয় পাঠ : হিন্দ ও সিন্দ-এর ভৌগলিক বিশ্লেষণ।

চতুর্থ পাঠ : যুগে যুগে হিন্দ এলাকায় মসিলমানদের অভিযান ও প্রতিশ্রুত গাযওয়াতুল হিন্দ।

পঞ্চম পাঠ : হাদিসে বর্ণিত হিন্দে মুসলমানদের বর্তমান অবস্থা।

ষষ্ঠ পাঠ : বর্তমানের খণ্ড ঘটনাপ্রবাহ ও বিশ্ব পর্যালোচনা।

পরিশিষ্ট:

১. আখেরি গুয়ারিশ।

২. কোন জামা'আর সাথে জিহাদ করবো? বাংলাদেশে কি উপযুক্ত জামা'আ আছে যারা সঠিকভাবে জিহাদ করছে?

৩ জিহাদের সাধারণ দিক-নির্দেশনা

৪. মুসলিম উম্মাহর প্রতি আহবান

৫. মাওলানা আসিম উমার হফিযাহুল্লাহ -এর একটি বার্তা: আপনাদের মহাসাগরে কোনো ঝড় নেই কেন?

৬. শাইখ আইমান আল-জাওয়াহেরী হাফিজাহুল্লাহ -এর একটি বার্তা: কাশ্মীরকে ভুলে যেও না!

প্রথম পাঠ

আমদের আলোচনার প্রথম পাঠ মূলত তিনটি অধ্যায়ে বিভক্ত।

প্রথম অধ্যায়ঃ "*গাযওয়াতুল হিন্দ*" একটি মোবারক ঐশী ভবিষ্যদ্বাণী।

দ্বিতীয় অধ্যায়ঃ "*গাযওয়াতুল হিন্দ*" ব্যাপারে নববি ভবিষ্যদ্বাণী।

তৃতীয় অধ্যায়ঃ *গাযওয়াতুল হিন্দ* -এর হাদিসসমূহ থেকে উপলব্ধ শিক্ষা ও ইশারাসমূহ।

সূচিপত্র

প্রথম অধ্যায়

দ্বিতীয় অধ্যায়

তৃতীয় অধ্যায়

পরিশিষ্ট

প্রথম অধ্যায়
"গাযওয়াতুল হিন্দ"
একটি মোবারক ঐশী ভবিষ্যদ্বাণী

গাযওয়াতুল হিন্দ ইসলামের ইতিহাসে এক গৌরবময় উজ্জ্বল অধ্যায়। ঈসা আলাইহিস সালাম -এর আগমনের পূর্বেই কাঙ্ক্ষিত মোবারক "গাযওয়াতুল হিন্দ"-এর সূচনাঘন্টা বাজবে।

অপরদিকে দ্বীনি বুনিয়াদ এবং শরয়ী উসুল বা মূলনীতিসমূহ নিয়ে গভীর চিন্তা ভাবনা করলে এবিষয় সুস্পষ্ট হয়ে যায় যে, বাস্তবেই গাযওয়াতুল হিন্দ এক দিক থেকে নববি গাযওয়াহ্ এবং সারিয়া সমূহেরও অন্তর্ভুক্তও বটে।

গাযওয়া দুই প্রকার

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর গাযওয়াহসমূহ সংগঠিত হওয়ার দিক থেকে দুটি বৃহৎ ভাগে বিভক্ত।

১. غزوة واقعة *"গাযওয়ায়ে ওয়াকিআহ্"*।

২. غزوة موعدة *"গাযওয়ায়ে মাওইদাহ্"*।

১. "গাযওয়ায়ে ওয়াকিআহ বা অতীতে সংগঠিত গাযওয়াহসমূহ।

অর্থাৎ, ঐ সমস্ত গাযওয়াহসমূহ যেগুলো রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর যামানায় তার জিন্দেগীতেই সংগঠিত হয়েছে। সীরাতগবেষক এবং অধিকাংশ মুহাদ্দিসিনে কেরামের মতে এসকল গাযওয়াহসমূহ দু ভাগে বিভক্ত। *১. গাযওয়াহ। ২. সারিয়্যাহ।*

নীচে এ দুই প্রকারের আভিধানিক ও পারিভাষিক সংজ্ঞা সবিস্তার আলোচনা করা হল।

ক. *গাযওয়াহ্* -এর আভিধানিক বিশ্লেষণ।

الغزوة في اللغة اسم،

"আলগাযওয়াহ্" (যুদ্ধাভিযান, আক্রমণ) এটি বিশেষ্য বাচক শব্দ।

وجمعها: غَزَوات، وغَزْوات،

-এর বহুবচন *গাযাওয়াতুন* এবং *গাযওয়াতুন*।

الغَزْوُ: السيرُ إلى قِتالِ العَدُو،

শত্রুদের বিরুদ্ধে লড়াই করার জন্য যাত্রা করা।[১]

والغزوة مصدر مرّةٍ؛ فهي المرّة من الغَزْو،

আলগাযওয়াতু এটা একক নির্দেশক ক্রিয়ামূল। অর্থাৎ, একবার আক্রমণ করাকে গাযওয়াহ্ বলা হয়।[২]

গাযওয়াহ্ -এর পারিভাষিক অর্থ

গাযওয়াহ্ (غزوة) বলা হয় ঐ সকল যুদ্ধসমূহকে, যাতে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে অংশগ্রহণ করেছিলেন। এবং যুদ্ধে মুজাহিদিন ও সাহাবাগণের নেতৃত্ব দিয়েছেন। সংখ্যার দিক থেকে এ ব্যাপারে মতভেদ আছে। মুসা ইবনে উকবা, মুহাম্মাদ ইবনে ইসহাক রাহিমাহুমাল্লাহ সহ আরো অনেকে বলেন-২৭টি।[৩] জাবের ইবনে আব্দুল্লাহ রাযিআল্লাহু থেকে বর্ণিত ২১টি।[৪] এবং যায়েদ ইবনে আরকাম রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত ১৯টি।[৫]গাযওয়াতুল হিন্দকে কেন গাযওয়া বলা হয় অথচ রাসুল সাল্লাল্লাহু

---

١. [مجمع البحرين : ١ / ٣١٥، للعلامة فخر الدين بن محمد الطريحي، المولود سنة : ٩٧٩ هجرية بالنجف / العراق، والمتوفى سنة : ١٠٨٧ هجرية بالرماحية، والمدفون بالنجف / العرا، الطبعة الثانية سنة : ١٣٦٥ شمسية، مكتبة المرتضوي، طهران / إيران].

2. [https://www.almaany.com/ar/dict/ar-ar/ غزوة/]

৩. [মালেকি মাযহাবের ফকিহ্ , ইমাম ইবনে আল যুযী রাহিমাহুল্লাহ (আল কাওয়ানিনুল ফিকহ্,২/২৭২,২৭৩)]

৪. [সীরাতে মুস্তফা.২-৫২]

٥. رواه البخاري، في صحيح البخاري، عن زيد بن أرقم، الرقم: ٣٩٤٩، متفقٌ عليه.

আলাইহি ওয়াসাল্লাম তো এই যুদ্ধ-অভিযান পরিচালনা করবেন না? ইনশাআল্লাহ *গাযওয়াতুল হিন্দ* -এর হাদিসসমূহ থেকে লব্ধ হেদায়েত ও ইশারা" শিরোনামের অধীনে আমরা এ বিষয়ে স্ববিস্তার আলোচনা করবো।

খ. সারিয়াহ্

মুহাদ্দিসিনে কেরাম এবং সীরাত গবেষকগণের পরিভাষা অনুযায়ী ঐ সকল গুরত্বপূর্ণ জিহাদকে সারিয়া বলা হয় যে সকল জিহাদে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে স্বশরীরে উপস্থিত হননি, কিন্তু তিনি কোন না কোন সাহাবিকে সে যুদ্ধে নেতৃত্ব দিতে আদেশ দিয়েছেন।

ইবনে সাদ থেকে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সারিয়ার সংখ্যা ৪০টি। ইবনে আব্দুল বার রাহিমাহুল্লাহ থেকে বর্ণিত ৩৫টি। মুহাম্মাদ ইবনে ইসহাক রাহিমাহুল্লাহ থেকে ৩৮টি। ওয়াকিদী রাহিমাহুল্লাহ থেকে ৪৮টি। এবং ইবনে জাওযী রাহিমাহুল্লাহ থেকে ৫৬টির বর্ণনা পাওয়া যায়।[১]

কাশ্‌শাফ ইসতিলাহাতুল ফুনুন ওয়াল উলুম গ্রন্থে মুহাম্মাদ আলি থানবী রাহিমাহুল্লাহ লিখেন,

هي الجيش الذي يخرج من بلاده أو موطنه؛ قاصداً قتال أهل الكفر ومواجهتهم، وقد كان النبيّ -صلّى الله عليه وسلّم- قائداً ومُشاركاً في العديد من الغزوات، أمّا المواجهة التي لا يكون فيها النبيّ -صلّى الله عليه وسلّم- فيُطلَق عليها اسم السريّة[২].

অর্থাৎ, গাযওয়াহ্ বলা হয়, "এমন সেনা দল, যে নিজ দেশ থেকে অথবা জন্মভূমি থেকে আহলে কুফরদের সাথে যুদ্ধ করার জন্য বের হয়েছে। এবং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে যুদ্ধে উপস্থিত ছিলেন। আর যে সকল যুদ্ধে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত ছিলেন না সেগুলোর ক্ষেত্রে সারিয়া ব্যবহার করা হয়।"

---

১. সীরাতে মুস্তফা.২-৫২

২. محمد علي التهانوي (١٩٩٦)، موسوعة كشاف اصطلاحات الفنون والعلوم (الطبعة الأولى)، بيروت: مكتبة لبنان، صفحة: ١٢٥٣، جزء: ٢. بتصرّف.

এ সকল গাযওয়া পরিচালনার কারণ

আল্লাহ তা'আলা বলেন,

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللَّهَ عَلَىٰ نَصْرِهِمْ لَقَدِيرٌ الَّذِينَ أُخْرِجُوا مِن دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ إِلَّا أَن يَقُولُوا رَبُّنَا اللَّهُ وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُم بِبَعْضٍ لَّهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنصُرَنَّ اللَّهُ مَن يَنصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ الَّذِينَ إِن مَّكَّنَّاهُمْ فِي الْأَرْضِ أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنكَرِ وَلِلَّهِ عَاقِبَةُ الْأُمُورِ

অর্থ: যুদ্ধের অনুমতি দেয়া হল তাদেরকে, যাদেরকে আক্রমণ করা হচ্ছে। কারণ তাদের ওপর নির্যাতন করা হয়েছে। নিশ্চয় আল্লাহ তাদেরকে বিজয় দানে সক্ষম। যাদেরকে তাদের নিজ বাড়ী-ঘর থেকে অন্যায়ভাবে শুধু এ জন্য বের করে দেয়া হয়েছে যে, তারা বলে,আমাদের রব আল্লাহ। আর আল্লাহ্ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা দমন না করতেন, তবে বিধ্বস্ত হয়ে যেত খৃস্টান সন্ন্যাসীদের আশ্রম, গির্জা, ইয়াহূদীদের উপাসনালয় ও মসজিদসমূহ- যেখানে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। আর আল্লাহ অবশ্যই তাকে সাহায্য করেন, যে তাকে সাহায্য করে। নিশ্চয় আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী। তারা এমন যাদেরকে আমি যমীনে ক্ষমতা দান করলে তারা সালাত কায়েম করবে, যাকাত দেবে এবং সৎকাজের আদেশ দেবে ও অসৎকাজ থেকে নিষেধ করবে; আর সব কাজের পরিণাম আল্লাহরই অধিকারে।[৩]

২. গাযওয়ায়ে মাওঈদাহ বা ভবিষ্যদ্বাণীকৃত গাযওয়াহসমূহ:

প্রথম উদাহরণ:

عن أبو هريرة قال رسول الله صلى الله عليه وسلم لا تقوم الساعة حتى تقاتلوا الترك صغار الأعين حمر الوجوه ذلف الأنوف كأن وجوههم المجان المطرقة ولا تقوم الساعة حتى تقاتلوا قوما نعالهم الشعر

৩. সূরা আল হাজ্জ ২২-৩৯-৪১

আবূ হুরায়রা রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত: তিনি বলেন, আল্লাহ্‌র রসূল (সাল্লাল্লাহুআলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতদিন তোমরা এমন তুর্কি জাতির বিরুদ্ধে যুদ্ধ না করবে, যাদের চোখ ছোট, চেহারা লাল, নাক চেপ্‌টা এবং মুখমণ্ডল পেটানো চামড়ার ঢালের মত। আর ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতদিন না তোমরা এমন এক জাতির বিপক্ষে যুদ্ধ করবে, যাদের জুতা হবে পশমের।[১]

<u>দ্বিতীয় উদাহরণ:</u>

গাযওয়ায়ে মাওইদাহ্ -এর আরেকটি উদাহরণ যা কুস্তুন্তুনিয়্যাহ বিজয়ের ভবিষ্যদ্বাণী বহন করে।

عن أبي هريرة، أن رسول الله صلى الله عليه وسلم قال " لا تقوم الساعة حتى ينزل الروم بالأعماق أو بدابق فيخرج إليهم جيش من المدينة من خيار أهل الأرض يومئذ فإذا تصافوا قالت الروم خلوا بيننا وبين الذين سبوا منا نقاتلهم . فيقول المسلمون لا والله لا نخلي بينكم وبين إخواننا . فيقاتلونهم فينهزم ثلث لا يتوب الله عليهم أبدا ويقتل ثلثهم أفضل الشهداء عند الله ويفتتح الثلث لا يفتنون أبدا فيفتتحون قسطنطينية فبينما هم يقتسمون الغنائم قد علقوا سيوفهم بالزيتون إذ صاح فيهم الشيطان إن المسيح قد خلفكم في أهليكم . فيخرجون وذلك باطل فإذا جاءوا الشأم خرج فبينما هم يعدون للقتال يسوون الصفوف إذ أقيمت الصلاة فينزل عيسى ابن مريم فأمهم فإذا رآه عدو الله ذاب كما يذوب الملح في الماء فلو تركه لانذاب حتى يهلك ولكن يقتله الله بيده فيريهم دمه في حربته " .

আবূ হুরাইরাহ্ রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত: রাসুল (সাল্লাল্লাহুআলাইহি ওয়াসাল্লাম) বলেছেন: কিয়ামত সংঘটিত হবে না যতক্ষণ পর্যন্ত না রোমীয় (সিরিয়ার অন্তর্গত) সেনাবাহিনী আ'মাক[২] অথবা দাবিক নহরের কাছে অবতীর্ণ হবে। তখন তাদের মুকাবিলায় মাদীনাহ্ হতে এ দুনিয়ার সর্বোত্তম

---

১. সহিহ বুখারী, হাদিস নং ২৯২৮

২. এই হাদিসটি মুহাদ্দিসিনে কেরামগণের নিকট হাদিসে আমাক নামে সুপরিচিত। এটি মালহামায়ে আমাক নামেও পরিচিত। এটি কেয়ামতের পূর্ব মুহূর্তে ক্রসেডার এবং মুসলিম মুজাহিদিনগণের মাঝে সংগঠিত হবে। সুনানে আবু দাউদ ৮-১৯৬, মু জামুল বুলদান লিল হুমাইদি ২-২২২, সিয়ারু আলমিন নুবালা ৬-৩৫৭।

মানুষের এক দল সৈন্য বের হবে। তারপর উভয় দল সারিবদ্ধভাবে দণ্ডায়মান হবার পর রোমীয়গণ বলবে, তোমরা ঐ সমস্ত লোকদের থেকে পৃথক হয়ে যাও, যারা আমাদের লোকদেরকে বন্দী করেছে। আমরা তাদের সাথে যুদ্ধ করব। তখন মুসলিমগণ বলবে, আল্লাহর শপথ! আমরা আমাদের ভাইদের থেকে কক্ষনো সম্পর্কচ্ছেদ করব না। পরিশেষে তাদের পরস্পর যুদ্ধ হবে। এ যুদ্ধে মুসলিমদের এক তৃতীয়াংশ সৈন্য পলায়নপর হবে। আল্লাহ তা'আলা কক্ষনো তাদের তাওবাহ্ গ্রহণ করবেন না। সৈন্যদের এক তৃতীয়াংশ নিহত হবে এবং তারা হবে আল্লাহর কাছে শহীদানের মাঝে সর্বোত্তম শহীদ। আর সৈন্যদের অপর তৃতীয়াংশ বিজয়ী হবে। জীবনে আর কক্ষনো তারা ফিত্নায় আক্রান্ত হবে না। তারাই কুস্তুনতুনিয়া বিজয় করবে। তারা নিজেদের তালোয়ার যাইতুন বৃক্ষে লটকিয়ে যুদ্ধলব্ধ সম্পদ ভাগ করতে থাকবে। এমতাবস্থায় তদের মধ্যে শাইতান উচ্চৈ:স্বরে বলতে থাকবে, দাজ্জাল তোমাদের পেছনে তোমাদের পরিবার-পরিজনের মধ্যে চলে এসেছে। এ কথা শুনে মুসলিমরা সেখান থেকে বের হবে। অথচ এ ছিল মিথ্যা সংবাদ। তারা যখন সিরিয়া পৌঁছবে তখন দাজ্জালের আগমন ঘটবে। যখন মুসলিম বাহিনী যুদ্ধের প্রস্তুতি গ্রহণ করবে এবং সারিবদ্ধভাবে দন্ডায়মান হতে শুরু করা মাত্র সালাতের সময় হবে। অত:পর ঈসা আলাইহিস সাল্লাম অবতরণ করবেন এবং সালাতে তাদের ইমামত করবেন। আল্লাহর শত্রু তাকে দেখামাত্রই বিচলিত হয়ে যাবে যেমন লবণ পানিতে মিশে যায়। যদি ঈসা আলাইহিস সাল্লাম তাকে এমনিই ছেড়ে দেন তবে সেও নিজে নিজেই বিগলিত হয়ে ধ্বংস হয়ে যাবে। অবশ্য আল্লাহ তা'আলা ঈসা আলাইহিস সাল্লাম-এর হাতে তাকে হত্যা করবেন এবং তার রক্ত ঈসা আলাইহিস সাল্লাম-এর বর্শাতে তিনি তাদেরকে দেখিয়ে দিবেন।[৩]

কাফিরদের বিরুদ্ধে সাহাবীগণ গাজওয়াসমূহে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নেতৃত্বে অংশগ্রহণের জন্য অত্যন্ত আগ্রহ এবং উৎসাহ-উদ্দীপনা পোষণ করতেন। আর এমন উৎসাহ-উদ্দীপনা ঈমানের চাওয়া এবং প্রকৃত নবীপ্রেমের নিদর্শন। তবে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র যুগের পরে যখন তাঁর নেতৃত্বে জিহাদের সৌভাগ্য

---

৩. সহিহ মুসলিম, হাদিস নং ৭১৭০

অর্জনের সুযোগ নাই, তাই সালফে সালেহীনগণ এমন সুযোগের সন্ধানে থাকতেন, অন্তত নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ভবিষ্যদ্বাণীকৃত যুদ্ধে অংশগ্রহণের সৌভাগ্য যেন অবশ্যই অর্জন করা যায়।

এ প্রসংগে একটি চমৎকার দিলকাশ ঘটনা উল্লেখ করা যায়। উমর ইবনে আব্দুল আজিজ রাহিমাহুল্লাহ -এর চাচা, সুপ্রসিদ্ধ তাবেয়ি কমান্ডার হজরত মাসলামাহ্ ইবনে আব্দুল মালেক ইবনে মারওয়ান রাহ. -এর ব্যাপারে কতক হাদিসের কিতাবে এবং ইতিহাসের কিতাবে বর্ণিত হয়েছে,

حدثني عبد الله بن بشر الخشعمي عن ابيه انه سمع النبي صلى الله عليه وسلم يقول: «لتفتحن القسطنطينية فلنعم الأمير أميرها ولنعم الجيش ذلك الجيش قال فدعاني مسلمة بن عبد المالك فسالني فحدثته فغزي فلسطين » روه الإمام أحمد في مسنده

"হজরত আবদুল্লাহ ইবনে বাশার আল-খাশ'আমী রাহিমাহুল্লাহ তাঁর পিতা হজরত বাশার রাদিআল্লাহু আনহু থেকে এক হাদিস বর্ণনা করেছেন, তিনি নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, "ইস্তাম্বুল শহর অবশ্যই বিজয় হবে। এই গুরুত্বপূর্ণ বিজয়ী বাহিনীর আমির হবে উত্তম আমির এবং এই বাহিনীর মুজাহিদগণ হবে উত্তম বাহিনী। এই হাদিস সম্পর্কে যখন হজরত মাসলামা ইবনে আবদুল মালিক অবগত হলেন তখন তিনি বর্ণনাকারী হজরত আবদুল্লাহ ইবনে বাশার রাহিমাহুল্লাহকে ডেকে পাঠালেন। হজরত আবদুল্লাহ বলেন, আমি যখন তার সাথে সাক্ষাৎ করলাম তখন তিনি আমার কাছ থেকে এই হাদিস শোনার পরে ইস্তাম্বুল আক্রমণের সিদ্ধান্ত নিলেন।" [১]

এই হাদিস যখন হযরত মাসলামা ইবনে আব্দুল মালেক রাহিমাহুল্লাহ শুনলেন তখন তিনি রারী আব্দুল্লাহ ইবনে বাশারকে পুনরায় জিজ্ঞেস করলো। হযরত আবব্দুল্লাহ রাহিমাহুল্লাহ বললেন, তার সাথে দেখা করলে, তিনি যখন আমার থেকে হাদিসটি শুনলেন তখনই তিনি ফিলিস্তিন আক্রমন করার ফায়সালা করলেন।

---

১. মুসনাদে আহমাদ। হাদিস নং: ১৮১৮৯

গাজওয়াতুল হিন্দের হাদিসে ইমাম বাইহাকী রাহিমাহুল্লাহ হজরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহুর যে উদ্ধৃতি বর্ণনা করেছেন, তাতে হজরত ইমাম আবু ইসহাক ফাজারী রাহিমাহুল্লাহ-এর বাণী উদ্ধৃত করেছেন, যখন তিনি এই হাদিস শুনেছেন তখন ইবনে দাউদের নিকট এই আকাঙ্ক্ষা প্রকাশ করেছেন,

وددت أني شهدت مارید بکل غزوة غزوتها في بلاد الروم

"হায়! আমার যদি রোমকদের সাথে যুদ্ধ-জিহাদে অতিবাহিত গোটা জীবনের বিনিময়ে হলেও হিন্দুস্তানের বিরুদ্ধে নববী ভবিষ্যদ্বাণী অনুযায়ী গুরুত্বপূর্ণ জিহাদে অংশগ্রহণের সুযোগ হতো।"[২]

ইমাম আবু ইসহাক ফাজারী রাহিমাহুল্লাহ-এর এই আগ্রহের কারণ ও তার গুরুত্বের পরিমাণের প্রশংসা- হজরত ফুযাইল ইবনে ইয়ায রাহিমাহুল্লাহ-এর ঐ স্বপ্নের দ্বারা করা যায়, যা ইমাম যাহাবী রাহিমাহুল্লাহ সিয়ারু আ'লামিন নুবালাতে বর্ণনা করেছেন। তিনি স্বপ্নে দেখেন, "নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মজলিস চলছে এবং নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশে বসার একটি স্থান খালি। আমি তখন এমন সুযোগকে দুর্লভ ও গনিমত মনে করে সেখানে বসার চেষ্টা করলাম। তখন নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই বলে নিষেধ করলেন যে, এই বসার স্থানটি খালি নয়, বরং আবু ইসহাক ফাজারীর জন্য নির্ধারিত।"[৩]

---

২. সুনানে কুবরা: ৯/১৭৬

৩. সিয়ারু আ'লামিন নুবালা : ৮/৫৭২-৫৭৩

দ্বিতীয় অধ্যায়
গাজওয়াতুল হিন্দ সম্পর্কে নববী ভবিষ্যদ্বাণী

গাযওয়াতুল হিন্দ নববি ভবিষ্যদ্বাণীকৃত ঐ সকল গাযওয়ার অন্তর্ভুক্ত যার ফযিলত বর্ণনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একাধিক হাদিস বর্ণিত আছে। আহলে ইলম ও মুসলিম মনীষীগণ তাদের বর্ণনা এবং লেখালেখির মাধ্যমে এ বিষয়টি স্পষ্ট করেছেন। এখানে আমরা আমাদের সাধ্য অনুযায়ী অনেক নির্ভরযোগ্য হাদিসের কিতাব থেকে সুন্দর তারতিব দিয়ে হাদিস বর্ণনা করবো। তারপর হাদিসসমূহের সহিহ্ এবং যইফ হওয়ার দিক নিয়ে আলোচনা করবো। -এরপর হাদিসগুলোর অর্থ, মর্ম ও মাফহুম-উদ্দেশ্য নিয়ে পর্যালোচনা করবো। ইনশাআল্লাহ।

সবশেষে আমরা এই হাদিসসমূহের আলোকে বর্তমান যামানায় তার বাস্তবতা এবং চলমান নানান প্রেক্ষাপট নিয়ে সবিস্তার আলোচনা করবো। ইনশাআল্লাহ।

যে সকল সাহাবি থেকে গাযওয়ায়ে হিন্দ সম্পর্কিত হাদিস বর্ণিত আছে:

১.হযরত আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু।

২. হযরত ছাওবান রাযিআল্লাহু আনহু।

৩. হযরত কাআব ইবনে আমর রাযিআল্লাহু আনহু।

যে সকল সাহাবি থেকে গাযওয়ায়ে হিন্দে সম্পর্কিত আছার বর্ণিত আছে:

১. হযরত আবু হুরাইরা রাযিআল্লাহু আনহুম।[১]

---

১. [নুআইম ইবনে হাম্মাদ, আল-ফিতান, হা/১২৩৬; মুসনাদে ইসহাক্ব ইবনে রাহওয়াইহ, হা/৫৩৭]

২. হযরত উমর রাযিআল্লাহু আনহু ।[২]

যে সকল আয়িম্মায়ে হাদিসগণ (হাদিস বিশারদগণ) গাযওয়ায়ে হিন্দ সম্পর্কিত হাদিস বর্ণনা করেছেন:

১. ইমাম আহমাদ তার *মুসনাদে আহমাদ* গ্রন্থে।
২. ইমাম ইবনে কাসির তার *আল বিদায়া ওয়ান নিহায়া* গ্রন্থে।
৩. ইমাম নাসাঈ তার আস সুনানুল মুযতাবা ও *আস সুনানুল কুবরা গ্রন্থে।*
৪. ইমাম বাইহাকি *আস সুনানুল কুবরা* ও *দালায়েলুন নাবুয়াত* গ্রন্থে।
৫. ইমাম সুয়ুতি তার *আল জা'মেউল সাগির* ও *আল জামেউল কাবির* গ্রন্থে।
৬. আবু নাইম আসফাহানি তার *হিল ইয়াতুল আওলিয়া* গ্রন্থে।
৭. ইমাম হাকেম আল *মুসতাদরাক আলাস সাহিহাইনে* গ্রন্থে।
৮. ইমাম সাঈদ ইবনে মানসুর *আস সুনান* গ্রন্থে।
৯. খাতিবে বাগদাদি তার *তারিখে বাগদাদ* গ্রন্থ।
১০. ইমাম নুআঈম ইবনে হামাদ *'আল-ফিতান'* গ্রন্থে।
১১. ইমাম ইবনে আবি আসেম *আল জিহাদ* গ্রন্থে।
১২. ইমাম ইবিনে আবি হাতেম তার আল *ঈলাল* গ্রন্থে।
১৩. ইমাম বুখারি তার আত *তারিখুল কাবির* গ্রন্থে।
১৪. ইমাম মিযিয় তার *তাহযিবুল* কামাল, গ্রন্থে।
১৫. ইমাম ইবনে হাজার আস-কালানি তার *তাহযিবুত তাহযিব* গ্রন্থে।
১৬. ইমাম তাবারানী তাঁর *আল-আওসাত* গ্রন্থে।
১৭. ইমাম ইবনে আদি তার আল *কামেল* গ্রন্থে।
১৮. ইমাম যাহাবি তার *মুসনাদে ফিরদাউস* গ্রন্থে।
১৮. ইমাম মুনাবি তার *আল জামে'উল সাগির* -এর ব্যাক্ষা *ফায়যুল ক্বাদির* গ্রন্থে।
২০. ইমাম ইবনে আসাকের তার *তারিখে দিমাশক* গ্রন্থে।

---

[২]. [মাযমাউজ যাওয়ায়েদ,৭/৩১০]

২১. ইমাম ইসহাক ইবনে রাহুইয়াহ্ তার *মুসনাদ* গ্রন্থে।

২২. আলহায়াতামি তার আল *মাজমাউয যাওয়ায়েদ* গ্রন্থে।

২৩. ইমাম বাযযার তার *মুসনাদ* গ্রন্থে।

যে সকল কিতাবে গাযওয়ায়ে হিন্দ সম্পর্কিত হাদিস বর্ণিত হয়েছে

১. *মুসনাদে আহমাদ গ্রন্থের,২/৩৬৯, ২/২২৯, ২/২৭৮*

২. *মুসনাদে আবু হুরাইরা গ্রন্থের-৮৪৬৭, ৬৮৩১*

৩. *আল বিদায়া ওয়ান নিহায়া গ্রন্থের ৬/২২৩*

৪. *আস সুনানুল মুযতাবা ৬/৪২ কিতাবুল জিহাদ, বাব- গাযওয়াতুল হিন্দ, হাদিস ৩১৭৩,৩১৭৪*

৫. *আস সুনানুল কুবরা লিন নাসায়ী ৩/২৮, বাব- গাযওয়াতুল হিন্দ হাদিস ৪৩৮২,৪৩৮৩*

৬. *আস সুনানুল কুবরা লিল বাইহাকি ৯/১৭৬,কিতাবুস সিয়ার,বাবু মাযা'আ ফি কিতালিল হিন্দি, হাদিস ১৮৫৯৯ , ৯/১৭৬,কিতাবুস সিয়ার,বাবু মা যা'আ ফি কিতালিল হিন্দি, হাদিস ১৮৬০০*

৭. *দালায়েলুন নাবুয়াত, সুরা আল আনআম ৬/৭১২৮*

৮. *আলজা'মেউল সাগির লিস সুয়ুতি ৫৪১৮*

৯. *আল-জা'মেউল কাবির লিস সুয়ুতি ৪/৩১৭*

১০. *আল-খাসায়েসুল কুবরা, ২/১৯০*

১১. *হিলইয়াতুল আওলিয়া ৮/৩১৬-৩১৭*

১২. *মুসতাদরাক আলাস সাহিহাইন ৩/৫১৪, হাদিস ৬১৭৭*

১৩. *আস সুনান লি সায়িদ ইবনে মানসুর ২/১৭৮,হাদিস ২৩৭৪*

১৪. *তারিখে বাগদাদ ১০/১৪৫*

১৫. *আল-ফিতান বাব গাযওয়াতিুল হিন্দ,১/৪০৯*

১৬. *আল জিহাদ, পরিচ্ছেদ- নৌ যুদ্ধের ফযিলত,২/৬৬৮, হাদিস ২৯১*

১৭. *আল ঈলাল ১/৩৩৪*

১৮. *আত তারিখুল কাবির, ২/২৪৩*

১৯. তাহযিবুল কামাল, ৪/৪৯৪,৩৩/১৫১

২০. তাহযিবুত তাহযিব, ২/৫২

২১. আলমু'জামুল আওসাত ৭/২৩-২৪, হাদিস ৬৭৪১

২২. আলকামলে লি ইবনে আদি ২/১৬১

২৩. মুসনাদে ফিরদাউস ৩/৪৮, হাদিস ৪১২৪

২৪. মিযানুল ইতিদাল লিয যহাবি ১/৩৮৮

২৫. ফায়যুল ক্বাদির,৪/৩১৭

২৬. তারিখে দিমাশক ৫২/২৪৮

২৭. মুসনাদে ইসহাক্ব ইবনে রাহুইয়াহ ১/৪৬২, হাদিস ৫৩৭

২৮. তাখরিজুল মুসনাদ ২২৩৯৬,৭১২৮,১২/২৯

২৯. আল মাজমাউয যাওয়ায়েদ ৫/২৮৫

৩০. যাখিরাতুল হুফ্ফায ৩/১৫৭৯

৩১. মুসনাদে বাযযার,১৫/৩০২

৩২. তারিখুল ইসলাম লিযযাহাবি, ১/৩৭৯

আমাদের অনুসন্ধানের পর আমরা এ বিষয়ে ভিন্ন ভিন্ন বর্ণনাধারার একাধিক সনদে সর্বমোট সাতটি রেওয়ায়াত পেয়েছি। যা একাধিক জালিলুল ক্বদর সাহাবা ও তাবেয়ীগণ বর্ণনা করেছেন।

১.হযরত আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু -এর প্রথম হাদিস

حَدَّثَنِي خَلِيلِي الصَّادِقُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّهُ قَالَ : يَكُونُ فِي هَذِهِ الْأُمَّةِ بَعْثٌ إِلَى السِّنْدِ وَالْهِنْدِ، فَإِنْ أَنَا أَدْرَكْتُهُ فَاسْتُشْهِدْتُ فَذَاكَ، وَإِنْ أَنَا - فَذَكَرَ كَلِمَةً - رَجَعْتُ وَأَنَا أَبُو هُرَيْرَةَ الْمُحَرَّرُ، قَدْ أَعْتَقَنِي مِنَ النَّارِ.

আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমার সত্যবাদী বন্ধু রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে বলেছেন, এ উম্মাহর একটি দল সিন্দ ও হিন্দের দিকে যাবে। আমি তা পেয়ে শাহাদাত বরণ করলে, সেটিই কাম্য। আমি যদি-তারপর কিছু উল্লেখ করলেন-ফিরে

আসি, তো আমি আবু হুরাইরাহ মুক্ত। আমাকে জাহান্নাম থেকে মুক্ত করবেন।[১]

এই শব্দে এই হাদিস শুধু ইমাম আহমাদ ইবনে হাম্বল রাহিমাহুল্লাহ তার *মুসনাদ* গ্রন্থে বর্ণনা করেছেন। এবং ইবনে কাসির তার উদ্ধৃতিতে দিয়েই *আল বিদায়া ওয়ান নিহায়া* গ্রন্থে উল্লেখ করেছেন।[২]

কাজী আহমাদ শাকের মুসনাদে আহমাদ গ্রন্থের ব্যাখ্যাা গ্রন্থে এই হাদিসের তাহকিক বর্ণনা করে *হাসান* সাব্যস্ত করেছেন।[৩]

ইমাম নাসায়ী তার *আস সুনানুল মুযতাবা* ও *আস সুনানুল কুবরা গ্রন্থে* এ হাদিস দুটি কিছু পার্থক্যের সাথে উল্লখ করেছেন। তিনি উল্লেখ করেন:

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عُثْمَانَ بْنِ حَكِيمٍ ، قَالَ : حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ ، قَالَ : حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو، عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ ، عَنْ سَيَّارٍ. ح قَالَ : وَأَنْبَأَنَا هُشَيْمٌ ، عَنْ سَيَّارٍ، عَنْ جَبْرِ بْنِ عَبِيدَةَ ، وَقَالَ عُبَيْدُ اللَّهِ ، عَنْ جُبَيْرٍ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : " وَعَدَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، غَزْوَةَ الْهِنْدِ ، فَإِنْ أَدْرَكْتُهَا أُنْفِقْ فِيهَا نَفْسِي وَمَالِي ، فَإِنْ أُقْتَلْ كُنْتُ مِنْ أَفْضَلِ الشُّهَدَاءِ ، وَإِنْ أَرْجِعْ فَأَنَا أَبُو هُرَيْرَةَ الْمُحَرَّرُ. "

আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদেরকে গাযওয়াতুল হিন্দের অঙ্গীকার করেছেন। আমি তা পেলে তাতে আমার জান ও মাল উৎসর্গ করে দিব। যদি শহীদ হয়ে যাই, তবে আমি উত্তম শহীদ হব, আর যদি ফিরে আসি, তবে আমি আবু হুরাইরাহ (জাহান্নাম থেকে) মুক্ত।[৪]

ইমাম বাইহাকি রাহিমাহুল্লাহ তার *আসসুনানুল কুবরা* গ্রন্থে এই শব্দেই হাদিসটি বর্ণনা করেছেন। পাশাপাশি তিনি অন্য আরেকটি রেওয়ায়াত তার

---

১. মুসনাদে আহমাদ, ২/৩৬৯, হা/২২৪৪৯, মুসনাদে আবু হুরাইরা-৮৪৬৭

২. আল বিদায়া ওয়ান নিহায়া গযওয়ায়ে হিন্দের আলোচনা সমূহ,৬/২২৩

৩. শারহু মুসনাদে আহমাদ (আহমাদ শাকের) ১৮/১৮ হাদিসঃ- ৮৮০৯, ১২/৯৭, হাদিস ৭১২৮

৪. আস সুনানুল মুযতাবা ৬/৪২ কিতাবুল জিহাদ, বাব- গাযওয়াতুল হিন্দ, হাদিস ৩১৭৩,৩১৭৪। আস সুনানুল কুবরা লিননাসায়ী ৩/২৮, বাব- গাযওয়াতুল হিন্দ হাদিস ৪৩৮২,৪৩৮৩

কিতাবে উল্লেখ করেছেন। তিনি তাতে ইবনে দাউদ -এর উদ্ধৃতি দিয়ে আবু ইসহাক ফিযারি (ইবরাহিম ইবনে মুহাম্মাদ, মুহাদ্দিসুস শাম ও মুজাহিদে আলম মৃ:১৮৮ হি.) -এর দিকে সম্পৃক্ত করে বলেন, তিনি (আবু ইসহাক ফিযারি) এ যুদ্ধের ব্যাপারে মনের তামান্না প্রকাশ করে বললেন,

وددت أني شهدت ماربد[৫] بكل غزوة غزوتها في بلاد الروم.

হায় ! রোমকদের সাথে আমার সারা জীবন যে সকল যুদ্ধ ও লড়াই হয়েছে তার বদলায় যদি মারিবাদা (ভারতের পূর্ব দিক থেকে আরব পর্যন্ত এলাকা) হিন্দুস্থানিদের মোকাবেলায় যুদ্ধে শামিল হতে পারতাম।

ইমাম বাইহাকি রাহিমাহুল্লাহ *দালায়েলুন নাবুওয়াত* গ্রন্থে এই রেওয়ায়াত বর্ণনা করেন।[৬]

এই হাদিস আহমাদ রাহিমাহুল্লাহ-এর সনদে ইমাম ইবনে কাসির রাহিমাহুল্লাহ *আল বিদায়া ওয়ান নিহায়া* গ্রন্থে বর্ণনা করেছেন।[৭]

আবু নুআইম আসফাহানি *হিলইয়াতুল আওলিয়া* গ্রন্থে হাদিসটি বর্ণনা করেন।[৮]

ইমাম হাকেম স্বলিখিত *আল মুসতাদরাক আলাস সাহিহাইনে* গ্রন্থেও হাদিসটি বর্ণনা করেন।

ইমাম সাঈদ ইবনে মানসুর রাহিমাহুল্লাহ তার কিতাব *আস সুনান* গ্রন্থে হাদিসটি বর্ণনা করেন।[৯]

খাতিবে বাগদাদি তার *তারিখে বাগদাদ* গ্রন্থে হাদিসটি বর্ণনা করেন। এবং তিনি হাদিসের শেষে আরো উল্লেখ করেন, (اتبعت فيها نفسي), অর্থাৎ, "আমি তাতে নিজেকে নিজে বিলিয়ে দেবো।"[১]

---

৫. عرب سے ہندوستان کی سمت مشرق میں کوئے علاق

৬. দালায়েলুন নাবুয়াত, ছাহেবে শারিআহ এর আলোচনা, বাব- আল্লাহ তা'আলার বাণী সুরা আল আনআম ৬/৭১২৮

৭. মুসনাদে আহমাদ ২/২২৯, মুসনাদে আবু হুরাইরা-৬৮৩১, আল বিদায়া ওয়ান নিহায়া ৬/২২৩

৮. [হিলইয়াতুল আওলিয়া ৮/৩১৬-৩১৭]

৯. [আস সুনান লি সায়িদ বিন মানসুর ২/১৭৮,হাদিস ২৩৭৪]

ইমাম নুআইম ইবনে হাম্মাদ *'আল-ফিতান'* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[২]

ইমাম ইবনে আবি আসেম *আল জিহাদ* গ্রন্থে একটু ভিন্ন শব্দে হাদিসটি বর্ণনা করেন। তিনি বর্ণনা করেন,

وعدنا الله رسوله و كنت كافضل الشهداء.

আল্লাহ এবং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ওয়াদা দিয়েছেন আর আমি হব সর্ব উত্তম শহিদগণের মত। এবং সনদটি হাসান।[৩]

ইমাম ইবনে আবি হাতেম তার *আল ঈলাল* গ্রন্থে ভিন্ন আরেক শব্দে উক্ত হাদিসটি বর্ণনা করেন,

فان أقتل اكون حيا مرزوقا و ان أرجع فانا المحرر

যদি আমি নিহত হই তাহলে তো আমি জান্নাতে রিযিক প্রাপ্ত (শহিদ হওয়ার দিক থেকে)। আর যদি আমি জীবিত থাকি এবং ফিরে আসি তো আমি আযাদ।[৪]

উক্ত আইম্মায়ে কেরাম ছাড়াও যারাহ্ ও তা'দিলের ইমাম, ইমাম বুখারি তার *আত তারিখুল কাবির* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৫]

ইমাম মাযিয় তার *তাহযিবুল কামাল* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৬]

ইমাম ইবনে হাজার আস কালানি তার *তাহযিবুত তাহযিব* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৭]

হাদিসের মান

এ বর্ণনাটির সনদ *হাসান*। কেননা, এর বর্ণনাকারীদের সবাই নির্ভরযোগ্য হলেও জাবর ইবনে আবিদা নামক একজন বর্ণনাকারীর ব্যাপারে সামান্য

---

১. তারিখে বাগদাদ ১০/১৪৫
২. [আল-ফিতান বাব গাযওয়াতুল হিন্দ,১/৪০৯]
৩. আল জিহাদ, পরিচ্ছেদ- নৌ যুদ্ধের ফযিলত,২/৬৬৮, হাদিস ২৯১
৪. আল ঈলাল , ১/৩৩৪,তারজামাঃ৯৯৩
৫. [আত তারিখুল কাবির, ২/২৪৩, তাজকিরায়ে ইবনে উবাইদাঃ২৩৩৩]
৬. [তাহযিবুল কামাল, ৪/৪৯৪, তাজকিরায়ে ইবনে উবাইদাঃ৮৯৩]
৭. [তাহযিবুত তাহযিব, ২/৫২, তাজকিরায়ে ইবনে উবাইদাঃ৯০]

একটু বিতর্ক আছে। ইমাম ইবনে হিব্বান রাহিমাহুল্লাহ তাকে নির্ভরযোগ্য বলেছেন। হাফেজ যাহাবি রাহিমাহুল্লাহ দুর্বল রাবি বললেও হাফেজ ইবনে হাজার আসকালানি রাহিমাহুল্লাহ তার বিপরীতে তাকে মাকবুল বা গ্রহণীয় রাবি বলে স্বীকৃতি দিয়েছেন।[৮]

এছাড়াও এর সমর্থনে আরও ১৮ টি সনদ রয়েছে। যেমন 'মুসনাদ আহমাদ-এর ১৪/৪১৯ পৃষ্ঠার ৮৮২৩ নং হাদিস এবং ইমাম ইবনে আবি আসিম রাহিমাহুল্লাহ রচিত আল-জিহাদ গ্রন্থের ২৯১ নং হাদিস। তাছাড়াও তারিখে বাগদাদ, সুনানে সাঈদ ইবনে মানসুর, কিতাবুল ফিতান ও দালায়েলুন নাবুওয়াতসহ আরো অন্যান্য কিতাবে ভিন্ন সনদে বর্ণিত আছে।

২. রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর আজাদকৃত গোলাম সাওবান রাযিআল্লাহু আনহু-এর হাদিস

حَدَّثَنَا أَبُو النَّضْرِ، حَدَّثَنَا بَقِيَّةُ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ سَالِمٍ، وَأَبُو بَكْرِ بْنُ الْوَلِيدِ الزُّبَيْدِيُّ، عَنْ مُحَمَّدِ بْنِ الْوَلِيدِ الزُّبَيْدِيِّ، عَنْ لُقْمَانَ بْنِ عَامِرٍ الْوُصَابِيِّ، عَنْ عَبْدِ الأَعْلَى بْنِ عَدِيٍّ الْبَهْرَانِيِّ، عَنْ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: عِصَابَتَانِ مِنْ أُمَّتِي أَحْرَزَهُمُ اللهُ مِنَ النَّارِ: عِصَابَةٌ تَغْزُو الْهِنْدَ، وَعِصَابَةٌ تَكُونُ مَعَ عِيسَى ابْنِ مَرْيَمَ

সাওবান রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমার উম্মাহর দুটি দলকে আল্লাহ জাহান্নাম থেকে রক্ষা করবেন: একদল হল যারা হিন্দে যুদ্ধ করবে, অপরদল হল যারা ঈসা ইবনে মারয়াম আলাইহিস সাল্লাম -এর সাথে থাকবে।[৯]

একই লফযে অনেক সাহাবি হাদিসটি বর্ণনা করেছেন।

ইমাম আহমাদ রাহিমাহুল্লাহ *মুসনাদে আহমাদ* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[১০]

---

৮. তাকরিবুত তাহজিব : ১/৩৩৭, জীবনী নং ৮৯২

৯. মুসনাদে আহমাদ, হাদিস-২১৩৬২

১০. *[মুসনাদে আহমাদ ২/২৭৮, হাদিস-২১৩৬২]*

ইমাম ইবনে কাসির তার *আলবিদায়া ওয়াননিহায়া* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[১]

ইমাম নাসাঈ তার *আস সুনানুল মুযতাবা*।[২]

ও *আস সুনানুল কুবরা* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন ।[৩]

ইমাম বাইহাকি *আস সুনানুল কুবরা* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৪]

ইমাম সুয়ুতি তার *আলজা'মেউল সাগির* এবং *আল-জামেউল কাবির* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।

ইমাম ইবনে আবি আসেম *আল জিহাদ* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৫]

ইমাম বুখারি তার *আত তারিখুল কাবির* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৬]

করেন।[৬]

ইমাম মিযিয় তার *তাহযিবুল কামাল* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৭]

ইমাম তাবারানী তার *আল মুজামুল আওসাত* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৮]

ইমাম ইবনে আদি তার *আল কামিল* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন।[৯]

ইমাম মুনাবি তার *আল জামে'* -এর শরাহ গ্রন্থ *ফায়যুল ক্বাদির* গ্রন্থে। [১০]

---

১. *[আল-বিদায়া ওয়ান-নিহায়া ৬/২২৩]*

২. *[আস সুনানুল মুযতাবা ৬/৪৩ কিতাবুল জিহাদ, বাব- গাযওয়াতুল হিন্দ, হাদিস ৩১৭৫]*

৩. *[আস সুনানুল কুবরা ৩/২৭, বাব-গাযওয়ায়ে হিন্দঃ৪৩৮৪]*

৪. *[আস সুনানুল কুবরা লিল বাইহাকি ৯/১৭৬, কিতাবুস সিয়ার,বাবু মা যা'আ ফি কিতালিল হিন্দি, হাদিস ১৮৬০০]*

৫. *[আল জিহাদ, পরিচ্ছেদ- নৌ যুদ্ধের ফযিলত ২/৬৬৮, হাদিস ২৯১]*

৬. *[আত তারিখুল কাবির, ২/২৪৩]*

৭. *[তাহযিবুল কামাল, ৪/৪৯৪,৩৩/১৫১]*

৮. [আলমু জামুল আওসাত ৭/২৩-২৪, হাদিস ৬৭৪১]

৯. [আল কামলে লি ইবনে আদি ২/১৬১]

১০. [ফায়যুল ক্বাদির,৪/৩১৭]

ইমাম ইবনে আসাকের তার *তারিখে দিমাস্ক* গ্রন্থে এই হাদিসটি উল্লেখ করেন। [১১]

হাদিসের মানঃ

শুআইব আরনাউত্ব বলেন, হাদীছটি হাসান।[১২]

ইমাম নাছিরুদ্দীন আলবানী বলেন, হাদীছটি সহিহ্।[১৩]

ইয়াসির হাসান বলেন, হাদীছটি হাসান। [১৪]

হামযাহ আহমাদ যাঈন বলেন, -এর সনদ দুর্বল আবু বাকর ইবনুল ওয়ালীদ যুবাইদী -এর কারনে। [১৫]

হাফিয যুবাইর আলী যাঈ বলেন, হাদীছটি হাসান। [১৬]

এই হাদীছের রাবী আবু বাকর ইবনুল ওয়ালীদ যুবাইদী কে অনেকে মাজহূল বলেছেন। কিন্তু তার ব্যাপারে ইমাম সুফিয়ান ছাওরী বলেন, তিনি ছিক্বাহ।[১৭]

ইমাম ইবনে হিব্বান তাকে *ছিক্বাহ* বলেছেন। [১৮]

ইমাম আবু বাকর মুহাম্মাদ ইবনে মূসা আল-হাযিমী ইমাম যুহরীর ছাত্রদেরকে ত্বাবাক্বাতুছ ছানিয়াহ তে উল্লেখ করেছেন এবং তাদের সম্পর্কে বলেছেন যে, তারা মুসলিমের শর্তের উপর রয়েছেন।[১৯]

উক্ত রাবী ইমাম যুহরী -এর ছাত্র। [১]

---

১১. [তারিখে দিমাস্ক ৫২/২৪৮]

১২. [শু'আইব আরনাউত্ব, তাহক্বীক্ব মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২৩৯৬]

১৩. [নাছিরুদ্দীন আলবানী, তাহক্বীক্ব নাসাঈ, হা/৩১৭৫]

১৪. [ইয়াসির হাসান, তাহক্বীক্ব নাসাঈ, হা/৩১৭৫]

১৫. [হামযাহ আহমাদ যাঈন, তাহক্বীক্ব মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২২৯৫]

১৬. [যুবাইর আলী যাঈ, তাহক্বীক্ব নাসাঈ, হা/৩১৭৭]

১৭. [ইয়াকুব ইবনে সুফিয়ান আল-ফারিসী, কিতাবুল মা'রিফাতি ওয়াত-তারীখ, ৩/১০০]

১৮. [ইবনে হিব্বান, আছ-ছিক্বাত, ৬/৪৭৮, রাবী নং ৮৬৭৮]

১৯. [মুহাম্মাদ ইবনে ত্বাহির আল-মাক্বদিসী ও আবু বাকর মুহাম্মাদ ইবনে মূসা আল-হাযিমী, শুরূত্বুল আইম্মাতিস সিত্তাহ ও শুরূত্বুল আইম্মাতিল খামসাহ, পৃঃ ৫৭]

সুতরাং আবু বাকর ইবনুল ওয়ালীদ যুবাইদী মাজহূল নন বরং হাসানুল হাদীছ।[১]

এছাড়াও আবদুল্লাহ ইবনে সালিম তার *মুতাবাআত* করেছেন।[২]

আর আবদুল্লাহ ইবনে সালিম *ছিক্বাহ* ছিলেন।[৩]

তাছাড়া এই হাদিসের বর্ণনাকারীদের মধ্যে বাকিয়্যা ইবনে অলিদ নামক একজন মুদাল্লিস বর্ণনাকারী আছে। তবে বর্ণনার ক্ষেত্রে তিনি (عن) -এর পরিবর্তে (حدثنا) ব্যবহার করায় এখানে তাদলিস জনিত কোনো দুর্বলতা সৃষ্টি হয়নি।

৩. হযরত আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু এর দ্বিতীয় হাদিস:

حَدَّثَنَا بَقِيَّةُ بْنُ الْوَلِيدِ، عَنْ صَفْوَانَ، عَنْ بَعْضِ الْمَشْيَخَةِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَذَكَرَ الْهِنْدَ، فَقَالَ: لَيَغْزُوَنَّ الْهِنْدَ لَكُمْ جَيْشٌ، يَفْتَحُ اللَّهُ عَلَيْهِمْ حَتَّى يَأْتُوا بِمُلُوكِهِمْ مُغَلَّلِينَ بِالسَّلَاسِلِ، يَغْفِرُ اللَّهُ ذُنُوبَهُمْ، فَيَنْصَرِفُونَ حِينَ يَنْصَرِفُونَ فَيَجِدُونَ ابْنَ مَرْيَمَ بِالشَّامِ قَالَ أَبُو هُرَيْرَةَ: إِنْ أَنَا أَدْرَكْتُ تِلْكَ الْغَزْوَةَ بِعْتُ كُلَّ طَارِفٍ لِي وَتَالِدٍ وَغَزَوْتُهَا، فَإِذَا فَتَحَ اللَّهُ عَلَيْنَا وَانْصَرَفْنَا فَأَنَا أَبُو هُرَيْرَةَ الْمُحَرَّرُ، يَقْدَمُ الشَّامَ فَيَجِدُ فِيهَا عِيسَى ابْنَ مَرْيَمَ، فَلَأَحْرِصَنَّ أَنْ أَدْنُوَ مِنْهُ فَأُخْبِرَهُ أَنِّي قَدْ صَحِبْتُكَ يَا رَسُولَ اللَّهِ، قَالَ: فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَضَحِكَ، ثُمَّ قَالَ: هَيْهَاتَ هَيْهَاتَ.

আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিন্দুস্থানের প্রসঙ্গে বলেন, অবশ্যই তোমাদের একটি দল হিন্দে যুদ্ধ করবে। আল্লাহ তাআলা সেই দলের যোদ্ধাদের সফলতা দান করবেন। তারা হিন্দুস্থানের রাজাদেরকে শিকল পড়িয়ে টেনে আনবে। আল্লাহ তাআলা (যারা যুদ্ধ করবে) তাদেরকে (এই মহৎ জিহাদের বরকতে) ক্ষমা করে

---

১. [মিযযী, তাহযীবুল কামাল, রাবী নং ৭২৬১)]

২. [মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২৩৯৬]

৩. [মিযযী, তাহযীবুল কামাল, রাবী নং ৩২৮৫]

দিবেন এবং যারা ফিরে আসবে, তারা ঈসা ইবনে মারইয়াম (আলাইহিস সালাম) কে শামে (সিরিয়ায়) পেয়ে যাবে।

আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু বলেন, আমি যদি সেই গাযওয়া পেতাম, তাহলে আমার সকল নতুন ও পুরাতন সামগ্রী বিক্রয় করে দিতাম এবং এতে অংশগ্রহণ করতাম। যখন আল্লাহ তাআলা আমাদের সফলতা দান করতেন এবং আমরা ফিরতাম, তখন আমি একজন মুক্ত আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু হতাম, যে কিনা সিরিয়ায় ঈসা ইবনে মারইয়াম (আলাইহিস সালাম) কে পাওয়ার গর্ব নিয়ে ফিরতো।

আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু বলেন, হে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমার অনেক ইচ্ছা হয় সেই সময়টা পেতে যখন আমি ঈসা ইবনে মারইয়াম (আলাইহিস সালাম) -এর এত নিকটবর্তী হতে পারতাম ও আমি তাকে বলতে পারতাম যে, আমি রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একজন ছাহাবী। তখন রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসলেন এবং বললেন বহু দূর বহু দূর।[৪]

এই হাদিসটি নুআইম ইবনে হাম্মাদ, তার *আল-ফিতান* গ্রন্থে বর্ণনা করেছেন।[৫]

ইমাম ইসহাক্ব ইবনে রাহুইয়াহ এই হাদিসটি তার *মুসনাদ গ্রন্থে* বর্ণনা করেছেন। তবে তিনি একটু ভিন্নভাবে বর্ণনা করেন। তিনি বলেন, আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু বলেন, একবার রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিন্দ ও সিন্দ-এর আলোচনা করছিলেন, তখন তিনি বললেন, অবশ্যই তোমাদের একটি দল হিন্দে যুদ্ধ করবে। আল্লাহ তাআলা সেই দলের যোদ্ধাদের সফলতা দান করবেন। তারা হিন্দের জালেম শাসকদের পায়ে ডান্ডা বেড়ি পড়িয়ে টেনে আনবে। আল্লাহ তাআলা (যারা যুদ্ধ করবে) তাদেরকে (এই মহৎ জিহাদের বরকতে) ক্ষমা করে দিবেন এবং যারা ফিরে আসবে তারা ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালাম কে শামে (সিরিয়ায়) পেয়ে যাবে।

---

৪. নুআইম ইবনে হাম্মাদ, আল-ফিতান, হা/১২৩৬;

৫. নুআইম ইবনে হাম্মাদ, আল-ফিতান, হা/১২৩৬;

আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু বলেন, আমি যদি সেই গাযওয়া পেতাম, তাহলে আমার সকল নতুন ও পুরাতন সামগ্রী বিক্রয় করে দিতাম এবং এতে অংশগ্রহণ করতাম। যখন আল্লাহ তাআলা আমাদের সফলতা দান করতেন এবং আমরা ফিরতাম, তখন আমি একজন মুক্ত আবু হুরাইরাহ রাযিআল্লাহু আনহু হতাম, যে কিনা সিরিয়ায় ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালাম কে পাওয়ার গর্ব নিয়ে ফিরতো।

আবু হুরাইরাহ রাযি আল্লাহু আনহু বলেন, হে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমার অনেক ইচ্ছা হয় সেই সময়টা পেতে, যখন আমি ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালাম -এর এত নিকটবর্তী হতে পারতাম ও আমি তাকে বলতে পারতাম যে, আমি রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর একজন ছাহাবী। তখন রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসলেন।[১]

হাদিসের মানঃ

এ সনদটি জইফ। -এর বর্ণনাকারীদের মধ্যে বাকিয়্যা ইবনে ওয়ালিদ নামক একজন মুদাল্লিস বর্ণনাকারী আছে। বর্ণনার ক্ষেত্রে তিনি (عن) ব্যবহার করেছেন। এখানে তাদলিসজনিত কোনো দুর্বলতা দূর হয়নি। এছাড়াও আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু থেকে বর্ণনাকারী এখানে অজ্ঞাত। তবে শাহেদ থাকায় হাদিসটির দুর্বলতা কমে আসবে।

৪. হযরত কাব রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত হাদিসঃ

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ، عَمَّنْ حَدَّثَهُ عَنْ كَعْبٍ، قَالَ: يَبْعَثُ مَلِكٌ فِي بَيْتِ الْمَقْدِسِ جَيْشًا إِلَى الْهِنْدِ فَيَفْتَحُهَا، فَيَطَئُوا أَرْضَ الْهِنْدِ، وَيَأْخُذُوا كُنُوزَهَا، فَيُصَيِّرُهُ ذَلِكَ الْمَلِكُ حِلْيَةً لِبَيْتِ الْمَقْدِسِ، وَيُقْدِمُ عَلَيْهِ ذَلِكَ الْجَيْشُ بِمُلُوكِ الْهِنْدِ مُغَلَّلِينَ، وَيُفْتَحُ لَهُ مَا بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ، وَيَكُونُ مَقَامُهُمْ فِي الْهِنْدِ إِلَى خُرُوجِ الدَّجَّالِ

কাব রাযিআল্লাহু আনহু বলেন, বাইতুল মাকদিসের (জেরুসালেমের) একজন রাজা তার একটি সৈন্যবাহিনী হিন্দুস্থানের দিকে পাঠাবেন। সৈন্যরা হিন্দুস্থানের ভূমি ধ্বংস করে দিবে এবং হিন্দুস্থানের ধন-ভাণ্ডার দখল করে

১. মুসনাদে ইসহাক্ব ইবনে রাহওয়াইহ, হা/৫৩৭

নিবে। তারপর রাজা এসব ধন-সম্পদ দিয়ে বাইতুল মাকদিস (জেরুসালেম) সজ্জিত করবে। এই দলটি বাইতুল মাকদিসের (জেরুসালেমের) রাজার দরবারে হিন্দুস্থানের রাজাদেরকে উপস্থিত করবে। ঐ রাজার নির্দেশে তার সৈন্যবাহিনী পূর্ব থেকে পশিম পর্যন্ত সকল এলাকা বিজয় করবে এবং হিন্দে ততক্ষণ পর্যন্ত অবস্থান করবে, যতক্ষণ না দাজ্জালের আগমন ঘটে।[২]

হাদিসের মান:

ইমাম বুখারি রাহিমাহুল্লাহ তাঁর উস্তাদ নুআইম ইবনে হাম্মাদ রাহিমাহুল্লাহ (তিনি) তার *আল-ফিতান* গ্রন্থে উক্ত হাদিসটি বর্ণনা করেছেন। কাব রাযিআল্লাহু আনহু থেকে বর্ণনাকারি রাবির নাম (الْحَكَمُ بْنُ نَافِعٍ: عَمَّنْ حَدَّثَهُ عَنْ كَعْبٍ) উল্লেখ নেই বিধায় হাদিসটি *মুনকাতে*।

৫. হযরত ছাফওয়ান ইবনে আমর রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত হাদিস:

حَدَّثَنَا الْوَلِيدُ، ثَنَا صَفْوَانُ بْنُ عَمْرٍو، عَمَّنْ حَدَّثَهُ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يَغْزُو قَوْمٌ مِنْ أُمَّتِي الْهِنْدَ، يَفْتَحُ اللَّهُ عَلَيْهِمْ حَتَّى يَأْتُوا بِمُلُوكِ الْهِنْدِ مَغْلُولِينَ فِي السَّلَاسِلِ، فَيَغْفِرُ اللَّهُ لَهُمْ ذُنُوبَهُمْ، فَيَنْصَرِفُونَ إِلَى الشَّامِ، فَيَجِدُونَ عِيسَى ابْنَ مَرْيَمَ عَلَيْهِ السَّلَامُ بِالشَّامِ

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমার উম্মাতের কিছু লোক হিন্দে যুদ্ধ করবে। আল্লাহ তাআলা তাদেরকে সফলতা দান করবেন। এমনকি তারা হিন্দুস্থানের রাজাদেরকে শিকলবদ্ধ করবে। আল্লাহ তাআলা ঐ সকল লোকদেরকে (যারা যুদ্ধ করবে) ক্ষমা করে দিবেন। যখন তারা সিরিয়ার দিকে অগ্রসর হবে, তখন তারা ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালাম কে সেখানে পাবে।[৩]

এই হাদিসটি নুআইম ইবনে হাম্মাদ তার আল ফিতান গ্রন্থে বর্ণনা করেছেন।[৪]

---

২. নুআইম ইবনে হাম্মাদ, আল-ফিতান, হাদিস/১২৩৫

৩. নুআইম ইবনে হাম্মাদ, আল-ফিতান,বাব গাযওয়াতুল হিন্দ, ১/৪০৯, হাদিস/১২৩৫

৪. [নুআইম ইবনে হাম্মাদ, আল-ফিতান,১/৪১০, হাদিস/১২৩৯,১২০১]

হাদিসের মান:

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা কারির নাম (حَدَّثَنَا الْوَلِيدُ، ثَنَا صَفْوَانُ بْنُ عَمْرٍو، عَمَّنْ حَدَّثَهُ ।) উল্লেখ নেই। বিধায় হাদিসটি মুনকাতে।

৬. সুরাইম রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত হাদিস:

حَدَّثَنَا أَبُو مُوسَى الزَّمِنُ، ثنا إِبْرَاهِيمُ بْنُ سُلَيْمَانَ، ثنا مُحَمَّدُ بْنُ أَبَانٍ، عَنْ يَزِيدَ بْنِ زَيْدٍ، عَنْ بُسْرِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ أَبِي إِدْرِيسَ، عَنْ صُرَيْمٍ السَّكُونِيِّ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَتُقَاتِلُنَّ الْمُشْرِكِينَ، حَتَّى تُقَاتِلَ بَقِيَّتُكُمُ الدَّجَّالَ، عَلَى نَهْرٍ بِالأُرْدُنِّ، أَنْتُمْ شَرْقِيَّهُ وَهُمْ غَرْبِيَّهُ، وَمَا أَدْرِي، أَيْنَ الأُرْدُنُّ يَوْمَئِذٍ مِنَ الأَرْضِ.

সুরাইম রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নি:সন্দেহে তোমরা মুশরিকদের (মূর্তিপূজারীদের) বিরুদ্ধে যুদ্ধ করবে; এমনকি এ যুদ্ধে তোমাদের অবশিষ্ট মুজাহিদরা জর্ডান নদীর তীরে দাজ্জালের সঙ্গে যুদ্ধে লিপ্ত হবে। এই যুদ্ধে তোমরা পূর্ব দিকে অবস্থান করবে আর দাজ্জালের অবস্থান হবে পশ্চিম দিকে। বর্ণনাকারী বলেন, আমি জানি না সেদিন জর্ডান কোথায় অবস্থিত হবে।[১]

হাদিসের মান:

হাদিসটি সহিহ। অপর আরেক সনদে মাজমাউয যাওয়ায়িদ গ্রন্থে বর্ণিত হয়েছে।[২] -এর সনদ বিশুদ্ধ। হাফেজ হাইসামি রাহিমাহুল্লাহ হাদিসটি উল্লেখ করে বলেন, এটি ইমাম তাবারানি রাহিমাহুল্লাহ ও ইমাম বাযযার রাহিমাহুল্লাহ বর্ণনা করেছেন। আর বাযযারে বর্ণিত হাদিসটির বর্ণনাকারী সবাই নির্ভরযোগ্য।

৭.হযরত আরতাত রাহিমাহুল্লাহ -এর বর্ণিত হাদিস:

---

১. কাশফুল আসতার আন জাওয়াইদিল বাযযার : ৪/১৩৮, হা. নং ৩৩৮৭, প্র. মুআসাসাসতুর রিসালা, বৈরুত

২. মাজমাউজ জাওয়ায়িদ: ৭/৩৪৮-৩৪৯, হাদিস নং: ১২৫৪২, প্র. মাকতাবাতুল কুদসি, কায়রো।

حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنْ جَرَّاحٍ، عَنْ أَرْطَاةَ، قَالَ: عَلَى يَدَيْ ذَلِكَ الْخَلِيفَةِ الْيَمَانِيِّ الَّذِي تُفْتَحُ الْقُسْطَنْطِينِيَّةُ وَرُومِيَّةُ عَلَى يَدَيْهِ، يَخْرُجُ الدَّجَّالُ وَفِي زَمَانِهِ يَنْزِلُ عِيسَى ابْنُ مَرْيَمَ عَلَيْهِ السَّلَامُ، عَلَى يَدَيْهِ تَكُونُ غَزْوَةُ الْهِنْدِ، وَهُوَ مِنْ بَنِي هَاشِمٍ، غَزْوَةُ الْهِنْدِ الَّتِي قَالَ فِيهَا أَبُو هُرَيْرَةَ .

হজরত আরতাত রাহিমাহুল্লাহ থেকে বর্ণিত তিনি বলেন যে, ইয়ামানি খলিফার নেতৃত্বে ইস্তামবুল ও রোম (ইউরোপ) বিজয় হবে, তাঁর সময়েই দাজ্জাল আত্মপ্রকাশ করবে, তাঁর যুগেই ইসা ইবনে মারইয়াম আলাইহিস সালাম অবতরণ করবেন এবং তাঁর নেতৃত্বেই হিন্দুস্তানের যুদ্ধ সংঘটিত হবে। তিনি হবেন হাশিমি বংশের লোক। গাজওয়াতুল *হিন্দ* বলতে ঐ যুদ্ধ উদ্দেশ্য, যে ব্যাপারে আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু বর্ণনা করেছেন।[৩]

হাদিসের মান:

এটার সনদ যইফ। কেননা এতে ওয়ালিদ ইবনে মুসলিম নামক একজন মুদাল্লিস বর্ণনাকারী আছে যে হাদিসটি বর্ণনা করেছে। আর এটা মাকতু তথা তাবিয়ি বর্ণিত একটি হাদিস।

[৩]. আল-ফিতান, নুআইম বিন হাম্মাদ : ১/৪১০, হা. নং ১২৩৮, প্র. মাকতাবাতুত তাওহিদ, কায়রো

তৃতীয় অধ্যায়
গাযওয়াতুল হিন্দ-এর হাদিসসমূহ থেকে লব্ধ শিক্ষা ও ইশারাসমূহ

উক্ত সাতটি রেওয়ায়াতের মাঝে আমরা সহিহ্, হাসান, মারফুউ বর্ণনা পেয়েছি। আলহামদুলিল্লাহ। এবার আমরা এই সাতটি হদিস থেকে লব্ধ বিভিন্ন ইশারা এবং ইঙ্গিত এবং কিছু সূক্ষ্ম তৃথ্য নিয়ে আপনাদের সামনে আলোচনা করবো। হাদিসগুলোর মাঝে অতিত এবং ভবিষ্যতের যে সকল রূঢ় রহস্য লুকিয়ে আছে তা আপনাদের সামনে তুলে ধরবো। প্রতিটি মুসলমানের জন্য করনীয় এবং বর্জণীয় যে সকল বিধান এই হাদিস সমূহে নিহিত আছে তা আপনাদের সামনে তুলে ধরার চেষ্টা করবো। শেষ যামানায় আবশ্যক ঘটবে এমন বিষয়ের যে সকল ভবিষ্যদ্বাণী সুপ্ত রয়েছে তা আপনাদের সামনে মোটাদাগে আনার চেষ্টা করবো। হিন্দুস্থান যুদ্ধের ক্ষেত্রে যে সকল বাসারাত ও সুসংবাদ আপনাদেরকে দেয়া হয়েছে তা একটি একটি করে আলোচনা করবো। কিন্তু আফসোস এ সকল সুসংবাদ এবং আনন্দঘেরা মুহূর্ত শুধু সেই আন্দাজ ও অনুমান করতে পারবে যাকে আল্লাহ সঠিক হেদায়েতের কর্ণ দান করেছেন। এসকল নববী ভবিষ্যদ্বাণী বুঝার জন্য আল্লাহ তাঁদেরকেই পূর্ণ তাওফিক দান করবেন যারা কোন না কোন ভাবে আল্লাহ একান্ত হতে পেরেছে। যারা আল্লাহর সাথে সদাসর্বদা উত্তম ক্রয় বিক্রয় করতে প্রস্তুত এই মোবারকময় হাদিস সমূহ তাদের সঠিক রাহনুমা। চিরস্থায়ী জান্নাতে প্রবেশের সঠিক দিশা। সরল পথের সহজ পাথেয়। আয় আল্লাহ! যাদেরকে এই মোবারকময় জামাআ'হ্ -এর অন্তর্ভুক্ত হওয়ার সৌভাগ্য দান করেছেন আমাদেরকেও তাদের সাথে নিয়ে নিন। আমাদেরকেও তাদের দলভুক্ত করে নিন। "গাযওয়াতুল হিন্দ" মোবারকময়

যুদ্ধে শরিক হয়ে আমাদেরকে খইরুশ শুহাদা কিংবা চির আজাদ আবু হুরাইরা হওয়ার তাওফিক দান করুন। আমিন ইয়া রাব্বিল আলামিন।

১. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর প্রতি ভালবাসা ঈমানের প্রথম শর্ত।

উক্ত হাদিসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর প্রতি সাহাবায়ে কেরাম রাযিআল্লাহু আনহুম -এর ভালবাসার নমুনা পূর্ণ রূপে প্রস্ফুটিত। হাদিসে আবু হুরাইরা রা বলেন, (حَدَّثَنِي خَلِيلِي الصَّادِقُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ،)। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ভালোবাসা ঈমানের শুরুর শর্তসমূহের অন্তর্ভুক্ত। আর এই হাদিসটি -এরই প্রতি ইঙ্গিতবহ। ঈমানের মৌলিক আলামত এবং মৌলিক বৈশিষ্ট্য হচ্ছে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ভালোবাসা। তবে শুধু মুখে দাবিকৃত নিছক মুহাব্বত বা ভালোবাসা উদ্দেশ্য নয় বরং নিজের সবটুকু বিলিন করে দেয়াই হচ্ছে নববি ভালোবাসার আলামত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কেউ কটুক্তি করলো তার পবিত্র সিরাতের উপর কালি লেপন করলো আর আপনি আমি চুপকরে ঘাপটিমেরে ছবরের নিয়তে বসে থাকলাম -এর নাম ঈমান নয়। এটি নববি ভালোবাসার আলামত নয়। বরং নববি ভালোবাসাতো সেটাই যা নিজেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর জন্য উৎসর্গ করতে শেখায়। দুনিয়ার সব কিছু এমনকি নিজের একমাত্র জিবনের চেয়েও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে ভালোবাসতে হবে।

আর এ কথাই বর্ণনা করছেন হযরত আনাস রাযিআল্লাহু আনহু।

عن أنس قال قال النبي صلى الله عليه وسلم " لا يؤمن أحدكم حتى أكون أحب إليه من والده وولده والناس أجمعين

আনাস রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত: আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: তোমাদের কেউ প্রকৃত মুমিন হতে পারবে না, যতক্ষন না আমি তার নিকট তার পিতা তার সন্তান ও সব মানুষের অপেক্ষা অধিক প্রিয়পাত্র হই।[১]

---

[১]. মুসলিম ১/১৬ হাঃ ৪৪, আহমাদ ১২৮১৪), বুখারী, হাদিস নং ১৫

যাহরা ইবনে মা'বাদ রাহিমাহুল্লাহ বলেন,আমি আমার দাদা আবদুল্লাহ ইব্‌নু হিশাম রাযিআল্লাহু আনহু কে বলতে শুনেছি,

عن عبد الله بن هشام، قال كنا مع النبي صلى الله عليه وسلم وهو آخذ بيد عمر بن الخطاب فقال له عمر يا رسول الله لأنت أحب إلى من كل شيء إلا من نفسي. فقال النبي صلى الله عليه وسلم " لا والذي نفسي بيده حتى أكون أحب إليك من نفسك ". فقال له عمر فإنه الآن والله لأنت أحب إلى من نفسي. فقال النبي صلى الله عليه وسلم " الآن يا عمر ".

আবদুল্লাহ ইব্‌নু হিশাম রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিতঃ

তিনি বলেন, আমরা একবার নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সঙ্গে ছিলাম। তিনি তখন উমর ইব্‌নু খাত্তাব রাযিআল্লাহু আনহু-এর হাত ধরেছিলেন।উমার রাযিআল্লাহু আনহু তাঁকে বললেন, হে আল্লাহ্‌র রসূল! আমার জান ছাড়া আপনি আমার কাছে সব কিছু চেয়ে অধিক প্রিয়। তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না, যাঁর হাতে আমার প্রাণ ঐ সত্তার কসম! তোমার কাছে আমি তোমার প্রাণের চেয়েও অধিক প্রিয় হওয়া পর্যন্ত। তখন উমার রাযিআল্লাহু আনহু তাঁকে বললেন, আল্লাহ্‌র কসম! এখন আপনি আমার কাছে আমার প্রাণের চেয়েও বেশি প্রিয়। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হে উমর! এখন (তুমি সত্যিকার ঈমানদার হলে)।[১]

২ নবী সা -এর সাথে সাহাবাকেরামের অকৃত্তিম ভালবাসা।

এই হাদিসটির মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে সাহাবা রাযিআল্লাহু আনহুম -এর ভালোবাসার এবং মুহাব্বাতের একটি পূর্ণ নমুনা ফুটে ওঠে। এখেকে বুঝে আসে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে সাহাবাকেরামের ভালোবাসার পূর্ণ বন্ধনের একটি জলন্ত চিত্র। এমনকি সাহাবায়ে কেরাম রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর ভালোবাসার নমুনা চিত্র মানুষের কাছে বর্ণনা করতেন। নিজেদের কথাবার্তা এমনকি হাদিস বর্ণনার সময়ও তাঁরা মুহাব্বাতের দিকটি উল্লেখ করতে ভুলতেন না। বরং তারা পরস্পর এই ভালোবাসার আলোচনা করতে গর্ভবোধ করতেন। আর তাদের এই ভালোবাসা শুধু মুখের নিছক দাবির নাম ছিল না। বরং তাদের সারা জিবনের প্রতিটি

[১]. বুখারী, হাদিস নং ৬৬৩২

কাজ এবং জিবনের প্রতিটি মুহূর্ত এই ভালোবাসার পূর্ণ নমুনার বহিপ্রকাশ। হুদাইবিয়া সন্ধির সময় উরওয়া ইবনে মাসউদ সাক্বাফি তাঁদের মুহাব্বাতের এই বহিপ্রকাশ দেখতে পেলে, যখন সে সাহাবায়ে কেরামের সম্পর্ক সৌকার্য -এর ক্ষেত্রে আন্তরিক দৃশ্য প্রত্যক্ষ করলো তখন সে তৎক্ষণাৎ বলে ফেলল, আমি দুনিয়ার এমন কোন রাজা-বাদশাকে দেখিনি যে, তাকে তাঁর অনুসারী বা সঙ্গী-সাথীগণ তাঁর এতটুকু সম্মান করে, যেমন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথি সাহাবি তাকে যত বেশি সম্মান ও মুহাব্বাত করে।[২]

৩. সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সত্যতার প্রতি সাহাবা রাযিআল্লাহু আনহুম -এর অগাত বিশ্বাস।

এই হাদিসে এ বিষয়টিও দৃষ্টিগোচর হয়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর প্রতিটি কথা এবং প্রতিটি খবরের উপর সাহাবায়ে কেরামের ছিল পূর্ণ আস্থা ও পূর্ণ বিশ্বাস। চাই তা বাহ্যিকভাবে আকল মেনে নিক বা না নিক। চাই তা কোন অতিত সংবাদ হোক বা ভবিষ্যতের অদৃশ্য বিষয়ের কোন সংবাদ। চাই তা অবতার মাধ্যম অকাট্য ওহি হোক কিংবা অন্য কোন মাধ্যম। আর এ কারণেই সাহাবা কেরাম সকল প্রকার সংবাদের ভবিষ্যদ্বাণী শুধু বর্ণনা করেই ক্ষান্ত হননি বরং সে সংবাদকে বাস্তব পক্ষেই সুনিশ্চিত জেনে নিজের অন্তরকে সে অঙ্গিকারের প্রতি সদা প্রস্তুত করতেন। এবং সে সকল ভবিষ্যত বাস্তব বিষয়াবলির অপেক্ষায় প্রহর গুনতেন। আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু দোয়া করতেন যেন আল্লাহ তাঁকে "গাযওয়াতুল হিন্দ" মোবারক বাহিনীতে শরিক করে নেন। এবং তাঁকে এই মহা সৌভাগ্য দান করেন।

৪. সিন্দু অঞ্চলের বিদ্যমানতা।

হজরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহুর হাদিস এ কথার প্রমাণ যে, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগেই এমন ভূখণ্ড পৃথিবীতে বিদ্যমান ছিল, যাকে সিন্দ (সম্ভবত বর্তমান পাকিস্তান) নামে জানতো।

---

[২]. আর-রাহিকুল মাখতুম,আনোয়ার লাইব্রেরী, পৃ.৫৯৭

(ইনশাআল্লাহ আমরা হাদিস সমূহের আলোচনা শেষে সিন্দু এবং *হিন্দ* -এর ভৌগলিক আলোচনা করবো।)

৫. হিন্দে বিদ্যমানতা।

এমনিভাবে এই হাদিস থেকে এটাও প্রমাণিত হয়, নববী যুগে পৃথিবীর বুকে এমন একটি দেশও বিদ্যমান ছিল, যাকে "হিন্দ" বলা হতো।

৬. আরবের নিকটবর্তী সিন্দু প্রদেশে এবং "গাযওয়াতুল হিন্দ" এর পূর্বে সিন্দু প্রদেশে বিজয়।

ঐ হাদিস যে হাদিসে গাজওয়ায়ে সিন্দ এবং গাজওয়াতুল হিন্দের আলোচনা এসেছে, তাতে এটাও ইঙ্গিত পাওয়া যায়, যে সিন্ধের অঞ্চল আরবের পাশে অবস্থিত এবং গাজওয়ায়ে সিন্দ গাজওয়াতুল হিন্দের পূর্বে সংঘটিত হবে।

৭. সিন্দ ও হিন্দ কাফেরদের কবজায় বিদ্যমান থাকা।

এটাও প্রমাণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রিসালাতের যুগে সিন্দ এবং হিন্দ এমন দু'টি ভূখণ্ডরূপে পরিচিত ছিল, যার উপর কাফিরদের কর্তৃত্ব ও দখলদারিত্ব ছিল এবং নববী যুগের পরেও একটি নির্দিষ্ট সময় পর্যন্ত তা অবশিষ্ট ছিল। যেখানে হিন্দুস্তানের উপর আরও দীর্ঘ সময় পর্যন্ত তাদের দখলদারিত্ব অবশিষ্ট থাকার সম্ভবনা রয়েছে।

৮. রাসুল (সা) সকল বিষয়ে মৌলিক জ্ঞানের অধিকারি ছিলেন।

উপরোক্ত হাদিসসমূহ থেকে এটাও বুঝা যায়, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ হকসমূহ সম্পর্কে অবগত ছিলেন এবং জানতেন। চাই সেটা আল্লাহ তা'আলার ওহীর মাধ্যমে হোক অথবা ব্যবসায়িক সম্পর্কের মাধ্যমে হোক কিংবা উভয়টির মাধ্যমেই হোক। এটাও হতে পারে, যে নিজস্ব গোয়েন্দা এবং গোপন ইন্টিলিজেন্টের মাধ্যমে তিনি এ সম্পর্কে জানতে পেরেছেন। কেননা গাজওয়াগুলোতে তিনি এই কর্মপদ্ধতি অবলম্বন করতেন। যদিও প্রথম দু'টি সম্ভবনাই অধিক যুক্তিসঙ্গত। তবে তৃতীয়

সম্ভবনাটিও অসম্ভব নয়। কিন্তু' এর জন্য আমাদের নিকট কোন সুস্পষ্ট প্রমাণ নাই।

৯. সিন্দ ও হিন্দ -এর ইতিহাস।

উপরোক্ত হাদিসসমূহে এই উভয় দেশ অর্থাৎ সিন্দ এবং হিন্দে ভবিষ্যতে সংঘটিত অনেক ঐতিহাসিক ঘটনাবলীর উল্লেখ রয়েছে। সাথে সাথে এটার ইঙ্গিতও বিদ্যমান, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগের পরবর্তী যুগে মুসলমানগণ এই দেশগুলোর অর্থাৎ সিন্দ এবং হিন্দের বিরুদ্ধে যুদ্ধ করবে।

১০. অদৃশ্য সংবাদ ও ভবিষ্যদ্বাণী

সিন্দ ও হিন্দের উদ্দেশ্যে মুসলিম বাহিনীর অভিযান এবং জিহাদ পরিচালনা করার বিষয়টি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর ভবিষ্যদ্বাণীর অন্তর্ভুক্ত। এবং ভবিষ্যতে যে এক মুসলিম বাহিনী তা বিজয় করবে তার সুচারু এক চিত্র ফুটেছে হাদিসটির মাঝে। সুতরাং হাদিসটি নববি সত্যতা প্রমাণের ক্ষেত্রেও ঈঙ্গিতবহ বটে।

১১. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নবুওয়াতের সত্যতা প্রমাণ।

যুগে যুগে মুসলিম বাহিনী হিন্দুস্থানের ভূমিতে জিহাদ পরিচালনা করে আসেছে। এবং ঈসা আলাইহিস সালাম -এর আগমণ পূর্ব পর্যন্ত এ যুদ্ধ চলতে থাকবে। সুতরাং আজ ইতিহাস অনুযায়ী হিন্দে যুগে যুগে মুসলমানদের যুদ্ধ করার মাধ্যমে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সত্যতা সুপ্রমাণিত হয়েছে।

১২. বাইতুল মাকদিসে এবং মাসজিদে আকসার বিজয়ের সুসংবাদ।

গাযওয়াতুল হিন্দও বাইতুল মাকদিস বিজয় একই সাথে অলোচনা করা হয়েছে। হাদিসে বলা হয়েছে বাইতুল মাকদিসের এক মুসলিম শাসক একটি

জামাআহ্ বা দল পাঠাবেন যাদের হাতে আল্লাহ হিন্দ বিজয়ের গৌরব দান করবেন। একই সাথে উক্ত হাদিসে বাইতুল মাকদিস -এর ইয়াহুদি কব্জা থেকে মুক্তি এবং মাসজিদুল আকসায় মুসলিম আধিপত্য বিস্তারের মহা সুসংবাদ দেয়া হয়েছে। আরো গৌরবের বিষয় হল, উক্ত গাযওয়াতুল হিন্দ -এর বাহিনী এবং ফিলিস্তিনের মুজাহিদ বাহিনী দুভয়ের মাঝে এক আত্মিক ও যুদ্ধকেন্দ্রিক এক ভ্রাতৃত্ব বন্ধন বিদ্যমান থাকবে। এবং জিহাদ-গাযওয়ার ক্ষেত্রে পরস্পর একে ওপরের সাহায্যকারী হবে। যার একটি প্রেক্ষাপট আজ তো আজ একেবারে দিবালোকের ন্যায় সুস্পষ্ট যে, হিন্দ -এর যুদ্ধভূমিতে মালাউন মুশরিক বাহিনী এবং রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর মেরাজের পবিত্র পূর্ণ্যময় ভূমিতে জায়নবাদী ইয়াহুদিদের পূর্ণ কব্জা বিদ্যমান। এতদুভয় পরস্পর মিত্র চুক্তিতে আবদ্ধ। মহান আল্লাহ রাব্বুল আলামিন হিন্দ এং ফিলিস্তিনের মুসলিম যোদ্ধা বাহিনীর পরস্পর সহযোগিতা এবং যুদ্ধে অংশ গ্রহণের মাধ্যমে এদের নাপাক কব্জা থেকে হিন্দ ও আকসার পবিত্র ভূমি পূত-পবিত্র করবেন। আর ফিকাহ ও ফকিহের এ বিষয়টিও দিবালোকের ন্যায় সুস্পষ্ট যে, সকল মুসলমানের উপর এ দুইভূমি পবিত্র করা সমগ্র মুসলিম উম্মার উপর আবশ্যক।

১৩. জিহাদ কেয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে।

এই হাদিস সমূহের মাঝে জিহদকে কোন নির্দিষ্ট যামানা বা সময়ের সাথে বিশিষ্ট করেননি। যা পরোক্ষভাবে একথারও দলিল যে, জিহাদ শেষ যামানা পর্যন্ত অব্যাহত থাকবে। এমনকি সায়্যেদুনা ঈসা আলাইহিস সালাম আসমান থেকে অবতরণের পর দাজ্জালকে কতল করবেন। আর এ কথা বিভিন্ন সহিহ হাদিসের মাধ্যমে প্রমাণিত যে, দাজ্জালের চেলা-চামুণ্ডা এবং সহচরদের বিশাল অংশ হবে জায়নবাদী ইয়াহুদিদের মধ্য থেকে।

১৪. জিহাদের দুই ধারাই বিদ্যমান থাকবে।

এই সাত হাদিস থেকে একথা সুস্পষ্ট হয়েছে, হিন্দ -এর যুদ্ধ শুধু দিফায়ী -এর মাঝে সীমাবদ্ধ থাকবে না। বরং তা আগে বেড়ে সম্মুখ জিহাদ হবে। এবং দারুল কুফুরে অনুপ্রবেশ করে মুশরিক কাফেরদের বিরুদ্ধে জিহাদ পরিচালনা করা হবে। প্রথম হাদিসের বাআস এবং গাযওয়াত এ দুটি শব্দ

থেকে বিষয়টি সুস্পষ্ট বুঝে আসে। কেননা গাযওয়ার আভিধানিক অর্থ হ
ইক্বদামি বা অগ্রবেড়ে সম্মুখ জিহাদ।

১৫. দুশমন চিহ্নিতকরন।

উক্ত হাদিসসমূহে ইসলাম এবং মুসলমানের দুই চির দুশমন কে চিহ্নিত ক হয়েছ। এক হল মূর্তি পূজক হিন্দু আর দ্বিতীয়ত যায়নবাদী ইয়াহুদী। যা বিস্তারিত বর্ণনা হল, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিন্দ ও সিন্দ এর আলোচনা করেছেন। আর এটা তো সুস্পষ্ট যে, এ গাযওয়া কাফেরদের মোকাবেলাতেই হবে। এ সত্য একেবারে স্পষ্ট যে, হিন্দ -এ পবিত্র ভূমি আজ হিন্দুদের দখলে। গেরুয়া সন্ত্রাস কুফ্‌ফারদের পূর্ণ দখলে অপর দিকে সাওবান রাযিআল্লাহু আনহু-এর হাদিস থেকে এ বিষয়ও ফুটে ওঠে যে, সায়্যিদুনা ঈসা আলাইহিস সালাম এবং তার সাথীগণ দাজ্জাল এবং তার সহযোগী ইয়াহুদিদের বিরুদ্ধে লড়বে।

১৬. নবী সা. এবং সাহাবাকেরামের মজলিসে হিন্দুস্থান যুদ্ধ নিয়ে আলোচনা।

এই হাদিস থেকে জানা যায় যে,নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবাগণের মজলিসে হিন্দ -এর আলোচনা হত। এবং বিভিন্ন বর্ণনা থেকে বুঝা যায় এ পুন্যময় যুদ্ধের আলোচনা বেশ হত।

১৭. গাযওয়ায়ে হিন্দের ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইচ্ছা এবং দিলের তামান্না।

নবী সাল্লাল্লাজু আলাইহি ওয়াসাল্লামের তার সাহাবায়ে কেরাম রাযিআল্লাহু আনহুম অনেক সময় হিন্দ যুদ্ধের আলেচনা করতো। এ কারণেই এটা এবিষয়ের দলিল যে বিষয়ের দলিল, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সকল সাহাবী এ যুদ্ধে অংশ গ্রহণের ইচ্ছা রাখতেন। -এটাও ফুটে ওঠে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাকেরামকে হিন্দ যুদ্ধের জন্য উৎসাহিত করতেন।

১৮. হিন্দুস্থান বিজয় রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওয়াদা।

হাদিসে দু'টি শব্দ এসেছে। ১. আমার সাথে অঙ্গীকার করেছে। ২. আমাদের সাথে অঙ্গীকার করেছে। অঙ্গীকার দ্বারা উদ্দেশ্য হলো কোন ভালো কাজের অঙ্গীকার। অঙ্গীকারের মধ্যে ইচ্ছা এবং অভিপ্রায় অবশ্যই পাওয়া যায়। এর দ্বারা এটা প্রমাণিত হয়, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তরে গাজওয়াতুল হিন্দের ইচ্ছা এবং অভিপ্রায় বিদ্যমান ছিলো এবং হিন্দুস্তানের উপর আক্রমণের ইচ্ছা ছিলো। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর এই ইচ্ছা কখনো এক ব্যক্তির সামনে, কখনো ভরা মজলিসে অনেকের সামনে প্রকাশ করেছেন। যেন সাহাবায়ে কেরাম রাদিআল্লাহু আনহুম; বরং কিয়ামত পর্যন্ত আগত সকল মুসলমান এ ব্যাপারে অবগত হয়ে যায়।

১৯. হিন্দুস্থান বিজয় মহান আল্লাহ তা'আলার অঙ্গিকারও।

আবু আসেমের বর্ণনায় এই শব্দও এসেছে। "আল্লাহ এবং আল্লাহর রাসূল অঙ্গীকার করেছেন।" এই শব্দই প্রমাণ, এটা শুধুমাত্র নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামেরই অঙ্গীকার নয়; বরং এটা আল্লাহ তা'আলার অঙ্গীকারও বটে। আর আল্লাহ তা'আলা কখনো তার অঙ্গীকারের ব্যতিক্রম করেন না।

"আল্লাহর ওয়াদা। আল্লাহ তাঁর ওয়াদা খেলাফ করেন না। কিন্তু অধিকাংশ লোক জানে না।"

২০. যুদ্ধ ও জিহাদের উৎসাহ প্রদান।

উপরোক্ত হাদিসসমূহে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসলমানদেরকে যুদ্ধ-জিহাদের উৎসাহ প্রদান করেছেন। যেমনটি আল্লাহ তা'আলা ইরশাদ করেন:

"হে নবী, তুমি মুমিনদেরকে লড়াইয়ে উৎসাহ দাও, যদি তোমাদের মধ্য থেকে বিশজন ধৈর্যশীল থাকে, তারা দু'শজনকে পরাস্ত করবে, আর যদি

তোমাদের মধ্যে একশ'জন থাকে, তারা কাফিরদের এক হাজারজনকে পরাস্ত করবে। কারণ, তারা (কাফিররা) এমন কওম যারা বুঝে না।"

যুদ্ধ-জিহাদের এই উৎসাহ-উদ্দীপনা সাহাবায়ে কেরাম, তাবেঈন এবং কিয়ামত পর্যন্ত আগত সকল মুসলমানের জন্য প্রযোজ্য।

২১. সাম্রাজ্যবাদীদের অবাধ আধিপত্যের প্রতিকার।

এতে উম্মতের জন্য পথপ্রদর্শনও রয়েছে যে, পৃথিবীতে কাফির-মুশরিকদের বিজয় এবং সাম্রাজ্যবাদী ও উপনিবেশিক শক্তি এবং স্বৈরাচারী কার্যক্রমের প্রতিরোধও যুদ্ধ-জিহাদের মাঝে নিহিত। এছাড়া এ সমস্যার অন্য কোন সমাধান নেই। আলোচনা, আন্তর্জাতিক আদালতে মামলা এবং কোন বন্ধু কিংবা নামে মাত্র সালিশের চেষ্টা কিংবা হস্তক্ষেপ সময়ক্ষেপণ ছাড়া আর কিছু নয়।

২২. গাযওয়ায়ে হিন্দে মাল খরচ করার ফযিলত।

উপরোক্ত হাদিসসমূহে গাজওয়াতুল হিন্দে সম্পদ ব্যয় করার অনেক ফজিলত বর্ণিত হয়েছে। যদিও জিহাদের পথে সম্পদ খরচ করা অনেক উত্তম খরচ। কিন্তু গাজওয়াতুল হিন্দে ব্যয় করার ফজিলত সাধারণত আল্লাহর রাস্তায় খরচ করার চেয়ে অনেক বেশি। এই ফজিলতের ব্যক্তিই আবু হুরাইরা রাদিআল্লাহু আনহু বারবার এই আকাঙ্ক্ষা ব্যক্ত করেছেন, "আমি যদি সেই গাজওয়া পেয়ে যাই তাহলে আমি আমার জীবন এবং নতুন-পুরাতন সকল সম্পদ তাতে ব্যয় করবো।"

২৩. গাযওয়ায়ে হিন্দে শাহাদাতের ফযিলত।

উপরোক্ত হাদিসসমূহ থেকে এটাও জানা যায়, এই গাজওয়াতে অংশগ্রহণকারী শহীদদেরও অনেক ফজিলত। কেননা তাদের সম্পর্কে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম "আফদালুশ-শুহাদা" এবং "খাইরুশ-শুহাদা" শব্দ বর্ণনা করেছেন।

২৪. গাযওয়ায়ে হিন্দের মুজাহিদগণের জাহান্নাম থেকে মুক্তির ছাড়পত্র।

উপরোক্ত হাদিসসমূহে ঐ সকল মুজাহিদদের জন্য জাহান্নাম থেকে মুক্তির সুসংবাদ এসেছে, যারা এই গাজওয়ায় অংশগ্রহণ করবে এবং গাজী হয়ে ফিরে আসবে। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'টি দলের কথা উল্লেখ করেছেন, "আল্লাহ তা'আলা তাদেরকে জাহান্নাম থেকে মুক্তি দিয়ে দিয়েছেন।" প্রথম দল সম্পর্কে এটাও সুস্পষ্ট করেছেন, "তারা হিন্দুস্তানের বিরুদ্ধে যুদ্ধ করবে।" হজরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহুর কথায়ও এটা প্রমাণিত হয়, "আমি যদি সেই গাজওয়া থেকে গাজী হয়ে ফিরে আসি, তাহলে আমি এক মুক্ত আবু হুরাইরা হবো। যাকে আল্লাহ তা'আলা জাহান্নাম থেকে মুক্তি দিয়ে দিয়েছেন।"

২৫. গাযওয়ায়ে হিন্দের শেষে বিজয়ের সুসংবাদ।

উপরোক্ত হাদিসসমূহে এই সুসংবাদও বিদ্যমান, শেষ যুগে হজরত মাহদী আলাইহিস সালাম এবং সাইয়্যিদিনা হজরত ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালামও পৃথিবীতে উপস্থি হবেন। আল্লাহ তা'আলা হিন্দুস্তানের মুজাহিদদেরকে মহা বিজয় দান করবেন এবং তারা কাফিরদের নেতা এবং শাসকদেরকে গ্রেপ্তার করে কয়েদী বানাবে।

২৬. গণিমতের মালের সুসংবাদ।

আল্লাহ তাআলা তাদেরকে প্রচুর পরিমানে গনীমতের সম্পদ দান করবেন।

২৭. সায়্যেদুনা ঈসা আলাইহিস সালাম -এর সাথে সাক্ষাতের সুসংবাদ।

উপরোক্ত হাদিসসমূহে একট সুসংবাদ এটাও পাওয়া যায়, যে সকল মুজাহিদ এই পবিত্র গাজওয়ার শেষ যুদ্ধে অংশগ্রহণ করবে, তারা সাইয়্যিদিনা হজরত ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালামের বরকতময় সাক্ষাতের সৌভাগ্য লাভ করবে।

২৮. হিন্দুস্থান ছোট ছোট খণ্ড রাজ্যে বিভক্ত হয়ে যাবে।

উপরোক্ত হাদিসসমূহে সর্বশেষ এবং সুসংবাদ হলো, এই গাজওয়ার পরিণামে হিন্দুস্থান টুকরো টুকরো হয়ে ছোট ছোট রাষ্ট্রে বিভক্ত হয়ে যাবে। যার উপর একজন শাসকের পরিবর্তে একই সময়ে কয়েকজন শাসকই রাজত্ব করবে।

এছাড়াও আহলে ইলমগন আরও অনেক সুসংবাদ উপরোক্ত হাদিসসমূহ থেকে বের করেছেন। তবে আমরা উপরোক্ত হাদিসসমূহের তাখরিজ ও তার শিক্ষা এবং ইশারা-ঈঙ্গিত নববী দিকনির্দেশনা সামগ্রিকভাবে বিজ্ঞ পাঠকের ক্ষেদমতে উপস্থাপন করে দিলাম।

২৯. গাযওয়া নামকরণের প্রেক্ষাপট।

আমরা পূর্বের আলোচনা থেকে এ কথা বুঝতে পেরেছি যে, গাযওয়াহ্ বলা হয় ঐ যুদ্ধসমূহকে যে যুদ্ধে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে অংশগ্রহণ করেছেন। এবং যুদ্ধে মুজাহিদিনে সাহাবাকেরামের দেখভাল এবং নেতৃত্ব দিয়েছেন। তাহলে গাযওয়ায়ে হিন্দকে কেন গাযওয়া বলা হয় অথচ রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তো এই যুদ্ধ-অভিযান পরিচালনা করবেন না ?

প্রশ্নের উত্তরে মুহাদ্দিসে কেরাম কয়েকটি দিক তুলে ধরার চেষ্টা করেন। প্রথমত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গাযওয়ায়ে মুতায় অংশগ্রহণ করেননি। তবুও তাকে গাযওয়া নামেই নামকরণ করা হয়েছে। দ্বিতীয়ত, হযরত মাহাদি রাযিআল্লাহু আনহু যেহেতু হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নায়েব পাশাপাশি তাঁর উম্মত হবেন, তার উদ্দেশ্য হবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর আনিত ধর্মকে বিশ্ব ব্যাগী বাস্তবায়ন করা এবং হযরত মাহাদি রাযিআল্লাহু আনহু যেহেতু তার বংশের হবেন, নবীজীর নামেই হবে তার নাম। হযরত মাহাদি রাযিআল্লাহু আনহু এই যুদ্ধ পরিচালনা করবেন তাই এ যুদ্ধকে গাযওয়া বলা হয়েছে। তৃতীয়ত কতক মুহাদ্দিসিনে কেরাম বলেন,

پیارے نبی صلی اللہ علیہ وسلم نے چونکہ اس غزوے کی تمام معلومات دیں اور عہد لیا کہ جو زندہ رہے وہ اس غزوے میں ضرور شریک ہو، تو نبی پاک صلی اللہ علیہ وسلم کی اس بیعت نے ان کو اس غزوے کا سربراہ بنادیا اور یہ جنگ غزوہ قرار پائی۔

যেহেতু প্রিয় নবী এই গযওয়া সম্পর্কে সমস্ত তথ্য দিয়েছিলেন এবং এই অঙ্গিকার নিয়েছিলেন, যে ব্যক্তি ঐ সময় বেঁচে থাকবে অবশ্যই সে যুদ্ধে অংশগ্রহণ করবে। সুতরাং মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মূলত এই যুদ্ধের জন্য লোকদের থেকে বাইআত নিয়ে ছিলেন।

তাই তিনিই এই গাযওয়ার প্রধান পরিচালক। ফলে একে গাযওয়াহ্ বলে ঘোষণা করা হয়েছে।

৩০. হযরত ঈসা আলাইহিস সালাম-এর আগমন গাযওয়াতুল হিন্দ ব্যাতিরেকে সম্ভব নয়।

পাকিস্তানের এক আলেম বলেন,

حضرت عیسیٰ علیہ السلام کا نزول غزوہ ہند کے دوران ممکن نہیں، حضرت عیسیٰ علیہ السلام اُس وقت ظاہر ہوں گے جب حضرت مہدی غزوہ ہند کی فتوحات مکمل کر کے شام کی طرف بڑھیں گے

হযরত ঈসা আলাইহিস সালাম -এর অবতরণ গাযওয়াতুল হিন্দ -এর সময় সম্ভব নয়, বরং হযরত মাহাদি রাযিআল্লাহু আনহু যখন গাযওয়া বিজয় সম্পন্ন করে সিরিয়ার দিকে অগ্রসর হবেন তখন ঈসা মসিহ আলাইহিস সালাম উপস্থিত হবেন।

দ্বিতীয় পাঠ

সমাজে আজ মুসলিম নির্যাতনের যাতাকলে পিষ্ট। চারদিক থেকে মুসলমানের উপর ধেয়ে আসছে কালো ভয়াল থাবা। মুশরিক কাফেররা যখন চূড়ান্ত যুদ্ধের শেষ প্রস্তুতি নিচ্ছে, ঠিক তখনও উম্মাহের কতক শ্রেণীকে দেখা যায় দিবালোকের ন্যায় সুস্পষ্ট বিষয়সমূহকে অস্বীকার করতে। কিন্তু যদি বিষয়টি অস্বিকার বা না মানা পর্যন্তই থকতো তাদের এই সংক্রামক ব্যাধি সমাজে প্রচার না করতো তাহলে -এর ক্ষতি এতেই সীমাবদ্ধ থাকতো। কিন্তু কিছু ভাই ক্ষত বিক্ষত উম্মাহর দেহে নুন ছিটা দিতে এক পা তৎপর। উম্মাহের স্বত:সিদ্ধ বিষয়াবলি অস্বীকার করে অকপটে তা ভুল, মিথ্যা, ভ্রান্ত বলে প্রচার করছে।

ঠিক এবইয়ের আলোচনাপ্রসঙ্গ কাঙ্ক্ষিত "গাযওয়াতুল হিন্দ" এ হিন আপত্তি থেকে মুক্ত নয়। আলোচ্য বিষয় নানা মিথ্যা ও মিথের যাতাকলে পিষ্ট। নানা বিধি প্রপাগান্ডা সহকারে কিছু ভ্রান্ত দলিলাদির মাধ্যমে এক দল মানুষ সাধুর বেশে মানুষকে ভ্রষ্ট করে চলছে।

আমরা তাদের আপত্তির কতক দিক হাদীসের মান যাচাইয়ের আলোচনায় প্রাসাঙ্গিক ভাবে দিয়ে দিয়েছি। কিন্তু তাদের প্রপাগান্ডার মূল যুক্তি হচ্ছে, গাযওয়াতুল হিন্দের সকল হাদিস যইফ, তাই ইসলামি শরীআহ অনুযায়ী গাযওয়াতুল হিন্দ একটি অপ্রমানিত অধ্যায়। তাদের ভ্রষ্ট মতাদের এই অসাধু ভ্রষ্টাচারের সামন্য পর্যালোচনা নিয়ে যইফ হাদিস বিষয়ক ছোট্ট বিশ্লেষণের অবতার।

(যাদের এ বিষয়ে কোন সন্দেহ নেই তারা এই পাঠটি এড়িয়ে যেতে পারেন।)

আল্লামা যফর আহমাদ উসমানি বলেন, কোনো রাবী যেমন কারো নিকট সিকাহ্ এবং কারো নিকট যইফ হতে পারে, ঠিক তেমন কোনো হাদিস তা কারো নিকট যইফ ও হাসান হতে পারে। যা ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ -এর একটি কিতাব থেকে বুঝে আসে।[১]

যইফ হাদিস কি?

যে হাদিস হাসান হাদিসের পর্যায়ে উপনিত হয় নি।

যইফ হাদিস দ্বারা কি উদ্দেশ্য?

যইফ হাদিস দ্বারা বাতিল বা মুনকার হাদিস উদ্দেশ্য নয় এবং মিথ্যার অপবাদে দুষ্ট ব্যক্তিও উদ্দেশ্য নয়। যইফের অনেক স্তর আছে সুতরাং যদি কোন বাব বা অধ্যায়ে এমন কোন আসার না পাওয়া যায় এবং তা কোন সাহাবি বা এজমা -এর খেলাফ বিপরিতে না হয় তাহলে কিয়াস তথা নিজের মতের তুলনায় সে অনুযায়ী আমল করা অধিক অগ্রগণ্য।[২]

যইফ কখন সহিহ্ বা হাসান হয়?

কোন যইফ হাদিস সহিহ্ হওয়ার কোন আলামত নির্দেশক থাকলে তা ছহিহ বলে গণ্য হয়।[৩]

কোন হাসান হাদিস যদি অপর কোন সনদে বর্ণনা হয় তাহলে তা ছহিহ হবে। যদিও তা মাত্র একটি সনদ হয়। -এর মাধ্যমে হাসান হাদিসটি শক্তিশালী হবে এবং হাসান থেকে ছহিহ -এর স্তরে উপনিত হবে।[৪]

সব সহিহ্ হাদিস কি দলিল যোগ্য?

যইফ হাদিস -এর ছহিহ হওয়ার যদি কোন কারিনা বা আলামত প্রকাশ পায় তাহলে যইফ দ্বারা দলিল দেয়া যাবে। অনুরূপভাবে যদি কোন ছহিহ হাদিস

---

১. কাওয়ায়েদ ফি উলুমিল হাদিস।পৃ.৪৯

২. কাওয়ায়েদ ফি উলুমিল হাদিস।পৃ.৯৯

৩. ফাতহুল ক্বাদির। পৃ.১-৪৬১

৪. তদিরিবুর রাবী। পৃ.১০৩

অনুযায়ী আমল পরিত্যাগ করা যায় যখন তার বিপরিতে কোন আলামত প্রকাশ পায়।[৫]

আল্লামা মুহাদ্দিস আসসারানী বলেন, অধিকাংশ মুহাদ্দিসগণ যইফ হাদিস এর মাধ্যমে দলিল দিয়ে থাকেন। যখন তার তুরুক বা বর্ণনা মাধ্যম ভিন্ন ভিন্ন হয়ে থাকে। আর কখনো তা হাসান হয় আবার কখনো তা ছহিহ হয়।[৬]

ছহিহ ও যইফ কিসের ভিত্তিতে?

ছহিহ বা যইফ হওয়ার হুকুম দেয়া হয় সনদের বাহ্যিক দিক লক্ষ করে, অন্যথা যে হাদিসটি যইফ বলে প্রচারিত তা ছহিহ ও হতে পারে।[৭]

যদি কোন বিষয়ে সহিহ হাদিস অন্য কোন নস (দলীল) না থাকে তাহলে?

কোন বিষয়ে যঈফ হাদীস ব্যতীত অন্য কোন নস (দলীল) পাওয়া না গেলে তা-ই একমাত্র অবলম্বন:

মুহাম্মাদ ইবনে সাদ আল বাওয়ারদী

আল্লামা সুয়ূতী রাহিমাহুল্লাহ মুহাম্মাদ ইবনে সাদ আল বাওয়ারদী থেকে বর্ণনা করেন-

كان من مذهب النسائي أن يخرج عن كل من لم يجتمع على تركه قال ابن منده وكذلك أبو داود يأخذ مأخذه ويخرج الإسناد الضعيف إذا لم يجد في الباب غيره لأنه أقوى عنده من رأي الرجال وهذا أيضاً رأي الإمام أحمد فإنه قال إن ضعيف الحديث أحب إليه من رأي الرجال

অর্থ : ইমাম নাসাঈর মাযহাব ছিল তিনি প্রত্যেক ঐ ব্যক্তির হাদীস আনতেন যাকে তরক করার ব্যপারে মুহাদ্দিসীনে কেরাম একমত হননি। ইবনে মানদাহ বলেন, অনুরূপভাবে ইমাম আবূ দাউদ ও তার পন্থা অবলম্বন করেছেন। তিনি দুর্বল সনদের হাদীস (তার সুনানে) নিয়ে আসেন যখন

[৫]. কাওয়ায়েদ ফি উলুমিল হাদিস।পৃ.৫৬

[৬]. আল মিযান লি সুয়ূতি। পৃ.১-৬৮

[৭]. ফাতহুল ক্বাদির। পৃ.১-৭৫

তিনি কোন অধ্যায় যঈফ সনদ ব্যতীত অন্য কোন হাদীস না পান। কেননা তার নিকট যঈফ সনদ মানুষের কিয়াস থেকে উত্তম। আর এটা ইমাম আহমাদ রাহিমাহুল্লাহ -এরও মত। তিনি বলেছেন যঈফ হাদীস আমার নিকট মানুষের কিয়াসের চেয়ে অধিক পছন্দনীয়।[১]

হাফেয আল্লামা সাখাবী রাহিমাহুল্লাহ (৯০২ হি.)

হাফেয সাখাবী রাহিমাহুল্লাহ ফাতহুল মুগীছে বলেন-

احتج رحمه الله بالضعيف حيث لم يكن في الباب غيره، وتبعه أبو داود وقدماه على الرأي، والقياس ويقال عن أبي حنيفة أيضاً ذلك، وإن الشافعي يحتج بالمرسل إذا لم يجد غيره

অর্থ : ইমাম আহমাদ রাহিমাহুল্লাহ (....) যঈফ হাদীস দ্বারা দলীল পেশ করেন যখন তিনি কোন অধ্যায়ে উক্ত হাদীস ছাড়া অন্য হাদীস না পান। ইমাম আবু দাউদও তার পদাঙ্ক অনুসরণ করেছেন। তারা উভয়েই হাদীসকে যুক্তি ও কিয়াসের উপর প্রাধান্য দিয়েছেন। আবু হানীফার রাহিমাহুল্লাহ (১৫০ হি.) ব্যাপারেও অনুরূপ বলা হবে। আর ইমাম শাফী রাহিমাহুল্লাহ (২০৪ হি.) মুরসাল রেওয়ায়াত দ্বারা দলীল পেশ করেন যখন তিনি তা ছাড়া অন্য কোন রেওয়ায়াত না পান।[২]

আল্লামা ইবনুল কাইয়িম হাম্বলী রাহিমাহুল্লাহ (৭৫১ হি.)

আল্লামা ইবনুল কাইয়িম হাম্বলী রাহিমাহুল্লাহ বলেন–

فإذا لم يجد في الباب أثرًا يدفعه ولا قولَ صاحب ولا إجماع على خلافه كان العمل به عنده أولى من القياس

وليس أحَدٌ من الأئمة [الأربعة] إلا وهو موافِقُه على هذا الأصل من حيث الجملة فإنه ما منهم أحد إلا و قد قَدَّم الحديثَ الضعيف على القياس...

..وأما مالك فإنه يقدم الحديث المرسَل، والمنقطع، والبَلاغات، وقولَ الصحابي على القياس

---

১. আল্লামা সুয়ূতী, তাদবীবুর রাবী, পৃষ্ঠা ৯৭

২. হাফেয সাখবী, ফাতহুল মুগীছ, পৃষ্ঠা ১২০

فإذا لم يكن عند الإمام أحمد في المسألة نصّ ولا قول الصحابة أو أحد منهم ولا أثر مرسل أو ضعيف عَدَل إلى الأصل الخامس وهو القياس

অর্থ : ইমাম আহমাদ রাহিমাহুল্লাহ (.....) যখন কোন অধ্যায়ে কোন আছার পান না, কোন সাহাবীর বক্তব্য পান না বরং এমন যঈফ হাদীস পান যার বিপরীতে উম্মতের ইজমা বর্ণিত হয়নি তখন তার নিকট উক্ত যঈফ হাদীসের উপর আমল করাই উত্তম কিয়াসের চেয়ে।

ইমামদের মধ্য হতে এমন কেউ নেই যে যিনি এই মূলনীতিতে একমত নন। তাদের মধ্য হতে একজনও এমন নেই যে যিনি যঈফ হাদীসকে কিয়াসের উপর প্রাধান্য দেন না।

ইমাম মালেক রাহিমাহুল্লাহ (১৭৯ হি.) মুরসাল, মুনকতে (যার সনদে বিচ্ছিন্নতা রয়েছে), বালাগাত এবং সাহাবায়ে কেরামের বক্তব্যকে প্রাধান্য দেন কিয়াসের উপর।

আর ইমাম আহমাদ ইবনে হাম্বল রাহিমাহুল্লাহ (২৪১ হি.) যখন কোন বিষয়ে দলীল খুজে পান না এবং সাহাবায়ে কেরামের বা তাদের কারো বক্তব্য পান না এবং কোন যঈফ বা মুরসাল রেওয়ায়াতও পান না তখন পঞ্চম মূলনীতি কিয়াসের প্রতি ধাবিত হন।[৩]

আল্লামা ইমাম ইবনে হাযম রাহিমাহুল্লাহ (৪৫৬ হি.)

ইবনে হাযম রাহিমাহুল্লাহ বলেন-

وأصحاب أبي حنيفة مجمعون على أن مذهب أبي حنيفة أن ضعيف الحديث أولى عنده من القياس إذا لم يجد في الباب غيره

অর্থ : সমস্ত হানাফী উলামায়ে কেরাম এ বিষয়ে একমত যে, আবূ হানীফাহ রাহিমাহুল্লাহ (১৫০ হি.) -এর মাযহাব হল, কিয়াস করার চেয়ে যঈফ হাদীসের উপর আমল করা তার নিকট উত্তম যখন তিনি উক্ত হাদীস ছাড়া অন্য কিছু পান না।[৪]

---

৩. ইবনুল কাইউম হাম্বলী, ইলামুল মুওয়াক্কিয়ীন ১/৩১ (انتهي بتقديم و تاخير)

৪. আন নুকাত আলা ইবনুস সালাহ ২/৩১৯ (শামেলা)

ইবনে হাযম অন্যত্র বলেন-

আবু হানীফা রাহিমাহুল্লাহ (১৫০ হি.) বলেছেন আল্লাহ তায়ালার রাসুল থেকে বর্ণিত যঈফ হাদীস আমার নিকট কিয়াসের চেয়ে উত্তম। তা থাকা অবস্থায় কিয়াস করা জায়েয নেই।[১]

উপরের আলোচনা থেকে এটা স্পষ্ট যে, আয়িম্মায়ে কেরাম এবং মুহাদ্দিসীনদের মুলনীতি হল কোন বিষয়ে তারা যঈফ হাদীস পেলে যুক্তির পিছনে পড়েন না। বরং উক্ত বিষয়ে অন্য কোন দলীল পাওয়া না গেলে তা-ই একমাত্র অবলম্বন। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লমের যঈফ হাদীস ও মানুষের যুক্তি ও বিবেকের অনেক উর্ধ্বে তাই আল্লাহ তাআলার রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে যঈফ সনদে বর্ণিত কোন হাদীস বা বুখারী মুসলিমের বাইরে কোন হাদীসের প্রতি অবজ্ঞা প্রদর্শন পূর্ববতী সমস্ত মুহাদ্দিসীনের তরীকা পরিপন্থী। যার সামান্যতম বিবেক আছে তার জন্য এটা শোভনীয় নয়। বিশেষভাবে যখন উক্ত বিষয়ে অন্য কোন হাদীস পাওয়া যায় না।

সকল দুর্বল রাবীর বর্ণনা কি গ্রহণীয়?

হ্যাঁ, ইমামদের উল্লিখিত বক্তব্য সকল দুর্বল হাদীসের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বরং দুর্বলতা গ্রহণের একটি সহনীয় মাত্রা রয়েছে। এ ব্যাপারে শায়েখ আওয়ামা বলেন এক্ষেত্রে যঈফ হাদীসকে চার ভাগে ভাগ করা প্রয়োজন।

১. ঐ যঈফ হাদীস যার দুর্বলতা মুতাবাআত বা শাহেদ দ্বারা দূর হয়ে গিয়েছে। আর এগুলো হলো ঐ পর্যায়ের হাদীস যেগুলোর কোন এক রাবীর ব্যাপারে বলা হয় তিনি হাদীসে শিথিল বা তার মধ্যে শিথিলতা রয়েছে।

২. মধ্যম পর্যায়ের দুর্বল। যার রাবীর ব্যাপারে বলা হয় তিনি হাদীসে দুর্বল বা তার হাদীস প্রত্যাখ্যাত বা মুনকারুল হাদীস।

৩. মারাত্মক পর্যায়ের দুর্বল। আর তা হল এমন হাদীস যাতে মিথ্যার অপবাদে জড়িত ব্যক্তি থাকে।

---

১. আল ইহকাম ফি উছুলিল আহকাম ৭/৫৪

৪. মওজূ বা জাল বর্ণনা।

ইমাম আহমাদ সহ অন্যান্য ইমামদের বক্তব্য উপরোক্ত প্রথম দুই প্রকারের জন্য প্রযোজ্য।[২]

যদি যইফ হাদিস এমন হয় তা লোক মুখে প্রচারিত এবং সকলের মুখে মুখে তার কথা আলোচনা হয় যদি আয়িম্মায়ে কেরাম ও মুহাদ্দিসীন হাদিসটিকে কবূলের দৃষ্টিতে গ্রহণ করে?

কোন যঈফ হাদীসকে উম্মত যখন কবূলের দৃষ্টিকোন থেকে গ্রহণ করে তখন তার উপর আমল করা ওয়াজিব হয়ে যায়।

কখনও কখনও কোন হাদীসের প্রতি সহীহ্ হওয়ার হুকুম লাগানো হয় যখন তা উম্মত (-এর আয়িম্মায়ে কেরাম ও মুহাদ্দিসীন) কবূলের দৃষ্টিতে গ্রহণ করে। যদিও তার কোন সহীহ্ সনদ না থেকে থাকে।

হাফেয সাখাবী রাহিমাহুল্লাহ (৯০২ হি.) ফাতহুল মুগীছে বলেন–

إذا تلقت الأمة الضعيف بالقبول يعمل به على الصحيح حتى أنه ينزل منزلة المتواتر في أنه ينسخ المقطوع به ولهذا قال الشافعي رحمه الله في حديث لا وصية لوارث إنه لا يثبته أهل الحديث ولكن العامة تلقته بالقبول وعملوا به حتى جعلوه ناسخا لآية الوصية له

অর্থ: উম্মত যখন কোন যঈফ হাদীসকে কবূলের দৃষ্টিতে গ্রহণ করে তখন তার উপর আমল করা হবে বিশুদ্ধ মত অনুযায়ী। এমনকি তা মুতাওয়াতের -এর পর্যায়ে পৌছে যায়। ফলে তা অটাক্যভাবে প্রমাণীত কোন বিষয়কেও রহিত করে দেয়। এজন্যই ইমাম শাফী রাহিমাহুল্লাহ (২০৪ হি) "ওয়ারিসের জন্য কোন ওসিয়ত নেই" এই হাদীসের ব্যাপারে বলেছেন মুহাদ্দিসীনে কেরাম উক্ত হাদীসটি সহীহ্ সনদে মেনে নেননি। তবে উম্মত তা গ্রহণ করেছে এবং তার উপর আমল করেছে। এমনকি কুরআনের ওসিয়তের আয়াতকে পর্যন্ত তা রহিত করে দিয়েছে।[৩]

---

[২]. আল্লামা যফর আহমাদ উসমানী, কাওয়ায়িদু ফি উলূমিল হাদীস, পৃষ্ঠা ১০০,১০১

[৩]. হাফেয সাখাবী, ফাতহুল মুগীছ, পৃষ্ঠা ১২০

আল্লামা সুয়ূতী রাহিমাহুল্লাহ বলেন-

قال ابن عبد البر في الاستذكار : لما حكى عن الترمذي أن البخاري صحح حديث البحر : « هو الطهور ماؤه » ، وأهل الحديث لا يصححون مثل إسناده . لكن الحديث عندي صحيح ؛ لأن العلماء تلقوه بالقبول

অর্থ: ইবনু আব্দিল বার তার ইস্তেযকার নামক কিতাবে যখন তিরমিজী রাহিমাহুল্লাহ (২৭৯ হি.) -এর এই বক্তব্য বর্ণনা করেন, ইমাম বুখারী সমুদ্রের হাদীসকে সহীহ বলেছেন "তার পানি পবিত্র" অথচ মুহাদ্দিসীন এ ধরনের সনদকে সহীহ বলেন না তখন বলেন তবে হাদীসটি আমার নিকট সহীহ কেননা উলামায়ে কেরাম তা কবূলের দৃষ্টিতে গ্রহণ করেছেন।[১]

আল্লামা সুয়ূতী রাহিমাহুল্লাহ আরো বলেন "হাদীসটি তিরমিজী রাহিমাহুল্লাহ (২৭৯ হি.) এনেছেন এবং বলেছেন ইমাম আহমাদ সহ অন্যরা হুসাইনকে যঈফ বলেছেন। আহলে ইলমদের নিকট উক্ত হাদীসের উপর আমল জারী রয়েছে। একথা দ্বারা তিরমিজী রাহিমাহুল্লাহ (২৭৯ হি.) এদিকে ইশারা করেছেন যে, হাদীসটি উলামাদের সমর্থনে শক্তিশালী হয়েছে। আর অনেকেই স্পষ্টভাবে একথা উল্লেখ করেছেন আহলে ইলমদের কোন হাদীসের সপক্ষে বক্তব্যই হাদীস সহীহ হওয়ার দলীল। যদিও তার নির্ভরযোগ্য কোন সনদ না থেকে থাকে।[২]

অন্যত্র আল্লামা সুয়ূতী রাহিমাহুল্লাহ বলেন-

يحكم للحديث بالصحة إذا تلقاه الناس بالقبول وإن لم يكن له إسناد صحيح

অর্থ: যখন মানুষ কোন হাদীসকে কবূলের দৃষ্টিকোণ থেকে গ্রহণ করে তখন উক্ত হাদীসকে সহীহ হওয়ার ফয়সালা দেওয়া হয়। যদিও তার কোন সহীহ সনদ না থেকে থাকে।[৩]

হাফেয ইবনে হাজার বলেন-(৮৫২ হি.)

কোন হাদীস কবূল হওয়ার গুনাবলীর মধ্য হতে একটি হল হাদীসের বিষয়বস্তুর উপর উলামায়ে কেরাম আমলের ব্যপারে একমত হবেন। এমন

---

১. আল্লামা সুয়ূতী, তাদরীবুল রাবী, পৃষ্ঠা ২৫

২. আত-তাআক্কুবাত, পৃষ্ঠা ১২

৩. তাদরীবুর বারী, পৃষ্ঠা ২৪

হাদীসকে কবূল করা হবে এমনকি তার উপর আমল করা ওয়াজিব। আয়িম্মায়ে উছূলের একটি জামাআত এমনটি বলেছেন।[৪]

মুহক্কিক ইবনুল হুমাম রাহিমাহুল্লাহ

মুহক্কিক ইবনুল হুমাম রাহিমাহুল্লাহ ফাতহুল ক্বদীরে বলেন-

وَمِمَّا يُصَحِّحُ الْحَدِيثَ أَيْضًا عَمَلُ الْعُلَمَاءِ عَلَى وَفْقِهِ وَقَالَ مَالِكٌ شُهْرَةُ الْحَدِيثِ بِالْمَدِينَةِ تُغْنِي عَنْ صِحَّةِ سَنَدِهِ

অর্থ: কোন হাদীসের স্বপক্ষে উলামায়ে কেরামের আমল হাদীসটিকে সহীহ সাব্যস্ত করার একটি কারণ। আর ইমাম মালেক রাহিমাহুল্লাহ বলেন কোন হাদীস মদীনাতে প্রসিদ্ধ হওয়া তার সনদ সহীহ হওয়াকে বেনিয়াজ করে দেয়।[৫]

উপরে আলোচনা থেকে একথা স্পষ্ট যে, যখন কোন হাদীসকে অধিকাংশ মুহাদ্দিসীন যঈফ সাব্যস্ত করেন আর কিছু মুহাদ্দিসীন সহীহ সাব্যস্ত করেন তখন হাদীসটি সহীহ সাব্যস্তকরণে যারা যঈফ বলেছেন তাদের বক্তব্য কোন প্রভাব ফেলবে না। কেননা যারা হাদীসটিকে যঈফ সাব্যস্ত করেছেন তারা এই দিকটি বিবেচনা করেছেন যে হাদীসটির সনদ সমূহের মধ্য থেকে কোন সনদই আপত্তি থেকে খালি নয়। আর যারা হাদীসটিকে সহীহ বলেছেন তারা উম্মতের হাদীসটিকে কবূলের দৃষ্টিতে গ্রহণ করা এবং হাদীসটির সনদগুলোর সমষ্টিগত বিচারে তা বলেছেন।

বরং আমাদের নিকট কোন হাদীসকে উম্মত কবূলের দৃষ্টিতে গ্রহণ করলে তা মুতাওয়াতের -এর পর্যায়ে পৌছে যায়।

আল্লামা জাসসাস রাহিমাহুল্লাহ আহকামুল কুরআনে বলেন-

وقد استعملت الأمة هذين الحديثين في نقصان العدة، وإن كان وروده من طريق الآحاد، فصار في حيز التواتر؛ لأن ما تلقاه الناس بالقبول من أخبار الآحاد فهو عندنا في معنى المتواتر لما بيناه في مواضع،

---

৪. আল ইফসা আলা নুকাতি ইবনুস সালাহ

৫. ফাতহুল ক্বাদীর ৩/১৪৩

অর্থ: এই দুটি হাদীসকে উম্মত আমলে নিয়েছেন যদিও তা খবরে ওয়াহেদের (একক সূত্রের) ভিত্তিতে বর্ণিত হয়েছে। এটা মুতাওয়াতের -এর মত হয়ে গিয়েছে। কেননা কোন খবরে ওয়াহেদকে যখন উম্মত কবূলের দৃষ্টিতে গ্রহণ করে তখন তা মুতাওয়াতের পর্যায়ে পৌছে যায়। -এর ব্যক্তি আমার একাধিক স্থানে বর্ণনা করেছি।[১]

আনওয়ার শাহ্ কাশ্মীরী রাহিমাহুল্লাহ

উপমহাদেশের শ্রেষ্ঠ মুহাদ্দিস আনওয়ার শাহ কাশ্মীরী রাহিমাহুল্লাহ্ বলেন-

وهذا الحديثُ ضعيفٌ باتفاق مع ثبوت حُكْمه بالإجماع وذهب بعضُهم إلى أن الحديثَ إذا تأيَّد بالعملِ ارتقى من حال الضَّعْف إلى مرتبة القبول قلت: وهو الأَوْجَهُ عندي وإن كَبُر على المشغوفِين بالإسناد واعتبارُ الواقع عندي أولى مِن المَشْي على القواعد (انتهي بتقديم وتاخير يسير)

অর্থ: ওয়ারিশের জন্য কোন ওসিয়ত নেই" হাদীসটি সর্বসম্মতিক্রমে যঈফ তবে তার হুকুম প্রমাণীত হওয়ার ব্যাপারে সকলে একমত। তিনি আরো বলেন উলামাদের একটি দল বলেছেন কোন হাদীস যখন (উম্মতের) আমল দ্বারা শক্তিশালী হয় তখন তা দুর্বল অবস্থা থেকে কবূলের স্তরে পৌছে যায়। আর এটাই আমার নিকট অধিক পছন্দনীয়। যদিও তা যারা সনদ নিয়ে গবেষণা করেন তাদের জন্য ভারি হয়ে উঠে। বাস্তবতার বিবেচনা আমার নিকট নীতির উপর চলার চেয়ে উত্তম।[২]

সারকথা কোন হাদীস সনদের বিচারে যঈফ হলেই তা আমলযোগ্য নয় এটি একটি ভ্রান্ত ধারণা। বরং কোন হাদীস যঈফ হলেও যদি উম্মত তা কবূলের দৃষ্টিতে গ্রহণ করে অর্থাৎ যুগ যুগ ধরে উক্ত হাদীসের উপর উলামায়ে কেরামের আমল চালু থাকে তবে এটাই উক্ত হাদীসকে সহীহ সাব্যস্ত করবে। যেমনটি উপরে উল্লিখিত পাহাড় সমতুল্য এক ঝাঁক পূর্ববর্তী মুহাদ্দিসীনের বক্তব্য দ্বারা স্পষ্ট হয়ে গিয়েছে।

---

১. আহকামুল কুরআন, জাসসাস ১/৩৮৬

২. ফয়জুল বারী ৩/৪০৯

গাযওয়াতুল হিন্দ একটি জিহাদ সম্পর্কিত বিষয়। মরলে শহীদ তো বাঁচলে গাজী। **এমন ফাযায়েল পূর্ণ বিষয়ে কি যঈফ হাদীস গ্রহণ করা যাবে?**

ফাযায়েলে আমালে যঈফ হাদীস গ্রহণ করতে কোন অসুবিধা নেই। তবে - এর জন্য তিনটি শর্ত রয়েছে। আর ক্ষেত্র বিশেষে আহকামেও যঈফ হাদীসের উপর আমল করা হয়। যেমনটি পূর্বের দুই শিরোনাম দ্বারা স্পষ্ট হয়ে গিয়েছে।

আল্লামা আব্দুল হাই লাখনবী রাহিমাহুল্লাহ বলেন,

জেনে রাখা উচিত যে, সনদের প্রয়োজনীয়তার দিক দিয়ে আহকাম এবং গায়রে আহকাম (যা আহকামের সাথে সম্পৃক্ত নয়) উভয়টি বরাবর। যার কোন সনদ নেই তা ধর্তব্য নয়। তবে উভয়ের মাঝে কিছুটা পার্থক্য রয়েছে। আর তা হল হালাল হারাম সংক্রান্ত আহকামের হাদীসে কড়াকড়ি করা হয়। এবং অন্যান্য ক্ষেত্রে যঈফ সনদকে কবুল করা হয় কিছু শর্ত সাপেক্ষে যেগুলো উলামায়ে কেরাম বর্ণনা করেছেন।[৩]

ইমাম আহমাদ সহ অন্যান্য মুহাদ্দিসীনে কেরাম বলেন-

إذا روينا في الحلال والحرام شددنا وإذا روينا في الفضائل ونحوها تساهلنا

অর্থ: যখন আমরা হালাল-হারামে রেওয়ায়াত করি তখন সনদে খুব কড়াকড়ি করি। আর যখন ফযীলাত ইত্যাদির ক্ষেত্রে রেওয়ায়াত করি তখন শিথিলতা করি।[৪]

মোল্লা আলী কারী রাহিমাহুল্লাহ (১০১৪ হি.) বলেন, যঈফ হাদীস ফাযায়েলে আমালে গ্রহণযোগ্য সমস্ত বিজ্ঞ উলামায়ে কেরামের নিকট।

তিনি অন্যত্র বলেন, ফাযায়েলে আমালে যঈফ হাদীসের উপর সর্বসম্মতিক্রমে আমল করা হবে। এজন্যই আমাদের আয়িম্মায়ে কেরাম বলেছে, মাথা মাসেহ করা সুন্নাত অথবা মুস্তাহাব।[৫]

---

৩. আল-আজউবাতুল ফাযেলা, পৃষ্ঠা ৩৬

৪. হাফেয সুয়ূতী, তাদরীবুর রাবী ১/২৯৮

৫. আলমাউজূআত, মোল্যা কারী, পৃঃ ৭৩

আল্লামা সুয়ূতী রাহিমাহুল্লাহ বলেন, আমি ফাতোয়া দিয়েছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মাতাকে তার জন্য জীবিত করা হয়েছিল এই মর্মে বর্ণিত হাদীসটি জাল নয়। যেমনটি হাফেযে হাদীসের একটি দল দাবী করেছেন। বরং তা ঐ পর্যায়ের যঈফ হাদীস যাতে ফাযায়েলের ক্ষেত্রে বর্ণনা করতে শিথিলতা করা হয়।[১]

উক্ত হাদীসটির ব্যাপারে তিনি অন্যত্র বলেন, উলামায়ে কেরাম এক্ষেত্রে তার সনদের দুর্বলতাকে ক্ষমাযোগ্য মনে করেন এবং ফাযায়েল ও মর্যাদার অধ্যায়ে যা সহীহ নয় এমন হাদীসের আনয়ন গ্রহণযোগ্য মনে করেন।[২]

হাফেয ইরাকী রাহিমাহুল্লাহ (৮০৬ হি.) বলেন, যা জাল নয় তার সনদে শিথিলতা করা উলামায়ে কেরাম জায়েয বলেছেন এবং আহকাম ও আকায়েদ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে তার দুর্বলতা উল্লেখ করা ছাড়াই বর্ণনা করার অনুমতি দিয়েছেন। বরং ফাযায়েলে আমাল, ঘটনা, ওয়াজ ইত্যাদি বিষয়ের তারগীব ও তারহীবে অনুমতি দিয়েছেন। আর যদি তা হালাল-হারাম সম্বলিত আহকামে শরইয়্যাহ -এর মধ্যে হয় অথবা আকায়েদে হয় যেমন আল্লাহ তাআলার ছিফাত এবং তার জন্য যা সম্ভব ও অসম্ভব ইত্যাদি তবে তারা তাতে শিথিলতা করেন না। ইমামদের মধ্য থেকে যারা এমনটি বলেছেন তাদের অন্যতম হলেন আব্দুর রহমান ইবনে মাহদী, আহমাদ ইবনে হাম্বল এবং আব্দুল্লাহ ইবনে মুবারাক রাহিমাহুমুল্লাহ সহ অন্যান্যরা।[৩]

আল্লামা নববী রাহিমাহুল্লাহ (৬৭৬ হিজরি) বলেন-

ويجوز عند أهل الحديث وغيرهم التساهل في الأسانيد ورواية ما سوى الموضوع من الضعيف والعمل به من غير بيان ضعفه في غير صفات الله تعالى والأحكام

অর্থ: হাদীস বিশারদকারীদের নিকট যঈফ সনদ সমূহে শিথিলতা করা এবং জাল ছাড়া দুর্বল হাদীসের দুর্বলতা উল্লেখ করা ব্যতীত বর্ণনা করা জায়েয।

---

১. আত তাযীম ওয়াল মিন্নাহ, সুয়ূতী, পৃষ্ঠা ২

২. আল-মাকামাতুস সুনদুসিয়্যাহ, সুয়ূতী, পৃষ্ঠা ৫

৩. শরহু আল ফিয়াতিল হাদীস, হাফেয ইরাকী, ২/২৯১

আর তার উপর আমল করা বৈধ। যখন তা আহকাম এবং আল্লাহ তায়ালার ছিফাতের ব্যাপারে না হয়।[৪]

তবে এ কথাও স্বতসিদ্ধ যে ফাযায়েলে আমালে সকল প্রকার দুর্বল হাদীস গ্রহণযোগ্য নয়। বরং -এর একটি সহনীয় মাত্রা রয়েছে। উলামায়ে কেরাম যঈফ হাদীস ফাযায়েলে আমালে গ্রহণযোগ্য হওয়ার জন্য তিনটি শর্ত উল্লেখ করেছেন।

হাফেয সাখাবী রাহিমাহুল্লাহ বলেন-

سمعت شيخنا ابن حجر مرارا يقول شرائط العمل بالحديث الضعيف ثلاثة

الأول متفق عليه وهوأن يكون الضعف غير شديد كحديث من انفرد من الكذابين والمتهمين ممن فحش غلطه

والثاني أن يكون مندرجا تحت أصل عام فيخرج ما يخترع بحيث لا يكون له أصل أصلا

والثالث أن لا يعتقد عند العمل ثبوته لئلا ينسب إلى النبي {صلى الله عليه وسلم} ما لم يقله

অর্থ: আমি আমার শায়েখ ইবনে হাজার আসক্বালানীকে বহুবার বলতে শুনেছি যঈফ হাদীসের উপর আমলের জন্য তিনটি শর্ত রয়েছে।

এক. সর্বস্বীকৃত আর তা হল দুর্বলতা মারাত্মক পর্যায়ের হতে পারবে না। -এর দ্বারা ঐ সকল (দুর্বল) রেওয়ায়াত বের হয়ে গেল যা একক ভাবে কোন মিথ্যুক, অপবাদ আরোপকৃত ব্যক্তি এবং যার ভুল বেশী হয় এমন ব্যক্তি রেওয়ায়াত করে।

দুই. সাধারণ কোন মূলনীতির অন্তর্ভুক্ত হবে। এর ফলে ঐ সকল উদ্ভাবন বের হয়ে গেল যার শরীআতে কোন ভিত্তি নেই।

তিন. তার উপর আমল করার সময় (অকাট্যভাবে) তা প্রমানীত হওয়ার বিশ্বাস না রাখা। যাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি এমন কিছু সম্বন্ধ যুক্ত না করা হয় যা তিনি বলেননি।[১]

---

৪. তাক্বরীবে নববী, পৃষ্ঠা ১৯৬

উপরের আলোচনা থেকে একথা প্রতীয়মান হয় যে আহকাম ও আকায়েদ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শর্তসাপেক্ষে যঈফ হাদীস গ্রহণযোগ্য। বিশেষভাবে ফাযায়েলের ক্ষেত্রে।

বরং আহকামেও যঈফ হাদীসের উপর আমল করা হয় যখন তার মধ্যে সতর্কতা থাকে। আর পূর্বে আলোচনা করা হয়েছে যে কোন যঈফ হাদীসকে যখন কবুলের দৃষ্টিতে গ্রহণ করে তখন তা সহীহ -এর কাতারে চলে যায় এবং তার উপর আমল করা ওয়াজিব হয়ে যায়।

কিন্তু আফসোসের বিষয় আমাদের মধ্যে এক শ্রেণির তথাকথিত শিক্ষিত সমাজ যারা স্বাধীনচেতা, ব্যক্তিগতভাবে লেখাপড়া করেই দ্বীন পেতে চায় এবং দ্বীনের কর্ণধার হতে চায় তারা যখন কোন হাদীসের ব্যপারে যঈফ শব্দটি শুনতে পায়, তাদের চেহারা পাল্টে যায়। তারা মনে করে যঈফ হাদীসকে সর্বদা ছেড়ে দেওয়াই অটল একটি সিদ্ধান্ত। অথচ এটা পূর্ববতি এবং পরবর্তি সকল উলামা এবং মুহাদ্দিসীনের মূলনীতি পরিপন্থি। এক্ষেত্রে উপমহাদেশের শ্রেষ্ঠ মুহাদ্দিস আনওয়ার শাহ কাশ্মীরী রাহিমাহুল্লাহ -এর একটি উক্তি স্বর্ণাক্ষরে লিখার মত যা তার অন্যতম যোগ্য শাগরেদ আল্লামা ইউসূফ বানূরী রাহিমাহুল্লাহ নকল করেছেন। তিনি বলতেন "সনদের প্রয়োজনীয়তা এ জন্য যে যাতে দ্বীনের মধ্যে এমন জিনিস প্রবেশ করতে না পারে যা দ্বীনের অন্তর্ভুক্ত নয়। এজন্য না যে, যারা সনদ নিয়ে গবেষণা করেন তাদের কর্মে প্রমানীত বিষয় দ্বীন থেকে বের হয়ে যায়"।

অর্থাৎ সনদ নিয়ে আলোচনা এবং গবেষণা আমাদের পূর্ববর্তিগণ এজন্য করেছেন যাতে বানোয়াট জিনিস দ্বীনে প্রবেশ না করতে পারে। তাদের উদ্দেশ্য এটা ছিল না যে দ্বীনী বিষয়কে দ্বীন থেকে বের করে দেওয়া।

যঈফ হাদীস একাধিক সনদে বর্ণিত হলে কি হয়?

কোন যঈফ হাদীস একাধিক সনদে বর্ণিত হওয়ার দ্বারা তা হাসান লি-গাইরিহী -এর পর্যায়ে পৌছে যায়।

---

১. আল কওলুল বদী, হাফেয সাখাবী পৃষ্ঠা ১৯৫

আল্লামা যফর আহমাদ ওসমানী রাহিমাহুল্লাহ বলেন কোন যঈফ হাদীস যখন একাধিক সনদে বর্ণিত হয় যদিও তার ভিন্ন একটি মাত্র সনদ থাকে তবে সমষ্টিগত বিচারে হাদীসটি হাসানের মর্যাদায় পৌছে যায় এবং তা দলীল হিসেবে পেশ করার যোগ্য হয়।[২]

আল্লামা সূয়ূতী রাহিমাহুল্লাহ বলেন-

ولا بدع في الاحتجاج بحديث له طريقان لو أنفرد كل منهما لم يكن حجة كما في المرسل إذا ورد من وجه آخر مسند

অর্থ: যে হাদীসের দুটি সনদ রয়েছে তা দ্বারা দলীল পেশ করতে দোষণীয় কিছু নেই যদিও পৃথকভাবে প্রত্যেকটি সনদ দলীল হিসেবে পেশ করার যোগ্য না হয়। যেমন মুরসালের ক্ষেত্রে যখন তা ভিন্ন একটি মুসনাদ সনদে বর্ণিত হয় (তখন তা গ্রহণযোগ্য)।[৩]

তিনি অন্যত্র বলেন-

وكذا إذا كان ضعفها لإرسال أو تدليس أو جهالة رجال زال بمجيئه من وجه آخر وكان دون الحسن لذاته

অর্থ: যদি কোন হাদীসের দুর্বলতা -এরসালের ব্যক্তি বা তাদলীসের ব্যক্তি বা রাবীর অবস্থা অজ্ঞতার ব্যক্তি হয় তবে ভিন্ন সনদে আসার দ্বারা উক্ত দুর্বলতা দূর হয়ে যাবে। তখন হাদীসটি (হাসান লি গাইরিহী হবে) হাসান লি জাতিহী হবে না।[৪]

হাফেয ইবনে হাজার আসক্বালানী রাহিমাহুল্লাহ বলেন-

متى توبع السيئ الحفظ بمعتبر كان يكون فوقه أو مثله لا دونه وكذا المختلط الذي لم يتميز و المستور و الاسناد المرسل و كذا المدلس إذا لم يعرف المحذوف من إسناده صار حديثهم حسناً لا لذاته

অর্থ: যার স্মরণশক্তিতে দুর্বলতা রয়েছে এমন কোন রাবীর সমর্থনে যখন গ্রহণযোগ্য কোন রাবী পাওয়া যায় আর তা তার সমকক্ষ বা উপরে হয় তার

---

২. যফর আহমাদ ওসমানী, কাওয়ায়িদ ফি উলূমিল হাদীস, পৃষ্ঠা ৭৮

৩. তাদবীবুর রাবী, সুয়ূতী, পৃষ্ঠা ৯১

৪.তাদবীবুর রাবী, সুয়ূতী পৃষ্ঠা ১০৪

নিচে না হয় অথবা উক্ত সমর্থন এমন রাবীর পাওয়া যায় যে গোলতাল পাকিয়ে ফেলে, একটি থেকে অন্যটি আলাদা করতে পারে না অথবা উক্ত সমর্থন কোন অজানা রাবীর বা মুরসাল সনদের বা কোন মুদাল্লাস সনদের পাওয়া যায় তখন তাদের হাদীস (যঈফের সীমা অতিক্রম করে) হাসান হয়ে যাবে। তবে হাসান লিযাতিহী নয় বরং হাসান লি-গাইরিহী।[১]

আল্লামা শারানী রাহিমাহুল্লাহ্ বলেন, প্রায় সকল মুহাদ্দিসীন যঈফ হাদীস দ্বারা দলীল পেশ করেন যখন তার একাধিক সনদ পাওয়া যায়। তারা কখনও উক্ত হাদীসকে সহীহের সাথে সম্পৃক্ত করেন কখনও হাসানের সাথে।[২]

আল্লামা তাক্বী উদ্দীন সুবকী রাহিমাহুল্লাহ্ ইবনুস সালাহ্ এর উদ্ধৃতি দিয়ে বলেন, এক প্রকার যঈফ হাদীস যার দুর্বলতা বর্ণনাকারীর স্মরণশক্তির দুর্বলতার ব্যক্তি হয়। অথচ বর্ণনাকারী সত্যবাদি এবং আমানতদার। আমরা যখন দেখব উল্লিখিত রাবী যা বর্ণনা করেছে তা ভিন্ন সনদে বর্ণিত রয়েছে তখন আমরা বুঝব তিনি সঠিক বর্ণনা করেছেন এবং উক্ত হাদীস আয়ত্ত করতে তার কোন ত্রুটি হয়নি। -এরপর সুবকী রাহিমাহুল্লাহ্ বলেন, কাজেই এই ধরনের কয়েকটি যঈফ হাদীস একত্রিত হয়ে যাওয়া শক্তিতে বৃদ্ধি করে। আর -এর দ্বারা হাদীসটি হাসান বা সহীহ -এর পর্যায়ে উন্নিত হয়।[৩]

হাফেয ইবনে কাসীর রাহিমাহুল্লাহ্ ইখতিসারু উলূমিল হাদীস নামক কিতাবের হাসান হাদীসের আলোচনায় বলেন-

قَالَ ٱلشَّيْخُ أَبُو عَمْرٍو لَا يَلْزَمُ مِنْ وُرُودِ ٱلْحَدِيثِ مِنْ طُرُقٍ مُتَعَدِّدَةٍ أَنْ يَكُونَ حَسَنًا لِأَنَّ ٱلضَّعْفَ يَتَفَاوَتُ فَمِنْهُ مَا لَا يَزُولُ وَمِنْهُ ضَعْفٌ يَزُولُ بِالْمُتَابَعَةِ كَمَا إِذَا كَانَ رَاوِيهِ سَيِّئَ ٱلْحِفْظِ أَوْ رَوَى ٱلْحَدِيثَ مُرْسَلًا فَإِنَّ ٱلْمُتَابَعَةَ تَنْفَعُ حِينَئِذٍ وَيُرْفَعُ ٱلْحَدِيثُ عَنْ حَضِيضِ ٱلضَّعْفِ إِلَى أَوْجِ ٱلْحُسْنِ أَوْ ٱلصِّحَّةِ

অর্থ: শায়েখ আবূ আমর উবনুস সলাহ্ বলেছেন কোন হাদীস একাধিক সনদে বর্ণিত হওয়ার দ্বারা তা হাসান হওয়া জরুরী নয়। কেননা দুর্বলতার

[১].ইবনে হাজার, শরহে নুখবাহ, পৃষ্ঠা ৭৪,৭৫

[২].আল্লামা শারানী, আল-মীযান ১/৬৮

[৩].শিফাউস সাকাম, পৃষ্ঠা ১১

একাধিক স্তর রয়েছে। -এর মধ্যে কিছু দুর্বলতা একাধিক সনদে বর্ণিত হওয়ার দ্বারা দূর হয় না। আর কতক দুর্বলতা একাধিক সনদে বর্ণিত হওয়ার দ্বারা দূর হয়ে যায়। যেমন কোন দুর্বল হাদীসের বর্ণনাকারী যদি দুর্বল স্মৃতিশক্তির হয় অথবা হাদীসটি মুরসাল সনদে বর্ণিত হয় তখন ভিন্ন সনদে উক্ত হাদীসটিকে পাওয়া উল্লিখিত দুর্বল হাদীসকে উপকৃত করবে এবং হাদীসটি দুর্বলতার তলদেশ থেকে হাসান অথবা সহীহের শিখরে উঠে আসবে।[৪]

সারকথা কোন হাদীসকে কোন একটি দুর্বল সনদে দেখেই তার বিষয়বস্তুকে দুর্বল বলে দেওয়া যাবে না। বরং উক্ত হাদীসটি একাধিক সনদে পাওয়া গেলে তা দুর্বলতা থেকে কেটে উঠে হাসান অথবা সহীহের পর্যায়ে পৌঁছে যায়। কেননা সেক্ষেত্রে একটি সনদ অপরটিকে মজবূত করে। হাসানের স্তরে উন্নিত হয়।

---

[৪].ইখতিসারু উলূমিল হাদীস, পৃষ্ঠা ৪৩

তৃতীয় পাঠ

প্রথম পাঠ আলোচনার মাধ্যমে গাযওয়াতুল হিন্দ -এর সত্যতা ও বাস্তবতা আমাদের কাছে ফুটে উঠেছে। তো এবার আমাদের জানা প্রয়োজন আসলে হাদিসে বর্ণিত হিন্দ ও সিন্দ কোনটি। যদি আমরা হিন্দ ও সিন্দ -এর ভৌগলিক আলোচনা করার মাধ্যমে তার সীমানা নির্ধারণ করতে পারি তাহলে বর্তমান প্রেক্ষাপট ও পট পর্যালোচনা করতে আমাদের তেমন বেগ পেতে হবে না।

প্রথম অধ্যায়

এ অধ্যায়ে আমরা হিন্দ-এর সীমানা নির্ধারণ করবো। এ ক্ষেত্রে প্রথমে আমরা প্রাচীন ভূগোলবিদগণের গ্রন্থসমূহ থেকে উদ্ধৃতি দেয়ার চেষ্টা করেছি।

ভৌগলিক বিশ্লেষণ:

আমারা হাদিসের ব্যাখ্যা ও আলোচনায় দেখলাম যে, সিন্দ এবং হিন্দ দুটি এক নয়। উভয়টিরই ভৌগলিক সীমানা ভিন্ন। এবং সিন্দ আরব ভূখণ্ডের নিকটে। এবার আমরা নিচের আলোচনায় সে স্থান দুটি নিয়ে ভৌগলিক বিশ্লেষণ করবো।

মুজামুল বুলদান

শুরু থেকে আলোচনা করা যাক। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর জন্ম ৫৭০ খ্রিঃ। তিনি নবুওয়াত প্রাপ্ত হন ৪০ বছর বয়সে। অর্থাৎ নবুওয়াত প্রাপ্তির সময় খ্রিষ্ট সন চলছে ৬১০ খ্রী সুতরাং আমাদের ফিরে যেতে হবে ১৪১০ খ্রী বছর পূর্বে। চলুন আমরা ঘুরে দেখে আসি কেমন ছিল ১৪১০ খ্রী বছর আগের পৃথিবি ও তার ভৌগলিক অবস্থা।

প্রথমে একটু প্রাচীন কিতাব সমূহের আলোচনা থেকে শুরু করি। হিজরী ৫৭৯ সন। জন্ম গ্রহণ করেন ইয়াকুত ইবনে আব্দুল্লাহ আল-হামাবি আল-রুমি বাগদাদী। যার ডাক নাম ছিল শিহাবুদ্দীন আবু আব্দুল্লাহ।

তিনি রচনা করেন শহর পরিচিতি নিয়ে কালের শ্রেষ্ঠ গ্রন্থ মুজামুল বুলদান (معجم البلدان) ।

এই কিতাবটিতে তিনি প্রাচীন শহর এবং তার ভৌগলিক অবস্থা নিয়ে আলোচনা করেন। তিনি ভূপৃষ্ঠ কে ৭ ভাগে আল ইকলিম আস-সাবআ' হিসেবে আলোচনা করেন। তার এই সাত ভাগে ভাগ করার কারণ হল মানুষজন পূর্ব থেকে এভাবেই অঞ্চলসমূহকে ভাগ করতো।

ইকলিমের পরিচয় ইমাম মুহাম্মাদ আলি থানভি (محمد علي التهانوي) আল-কাশ্শাফ গ্রন্থে এভাবে দেন,

قسم أهل الهيئة الأرض أربعة أقسام متساوية —بأن فرضوا على الأرض دائرتين إحداهما المسماة خط الاستواء والأخرى التي تمر بقطبيه-- وسموا واحدا من تلك الأقسام بالربع المعمور والربع المسكون؛ ثم قسموا المعمور سبعة قطاع موازية لخط الاستواء، فيتشابه أحوال البقاع الواقعة في ذلك القسم، وسموا تلك الأقسام بالأقاليم[1] .

ইয়াকুত ইবনে আব্দুল্লাহ সাত ভাগে ভাগ করার প্রধান ও প্রথম কারণ হিসেবে উল্লেখ করেন,

الأول: اصطلاح العامة وجمهور الأمة وهو الجاري على ألسنة الناس دائما وهو أن يسموا كل ناحية مشتملة على عدة مدن وقرى إقليما نحو الصين وخراسان والعراق والشام ومصر وإفريقية ونحو ذلك فالأقاليم على هذا كثيرة لا تحصى.

-এরপর তিনি প্রথম ভূখণ্ড হিসেবে বলেন,

فهو من المشرق يبتدىء من أقصى بلاد الصين ويمر على ما يلي الجنوب، من الصين وفيه جزيرة سرنديب وعلى سواحل البحر في جنوب بلاد السند، ثم يقطع البحر إلى جزيرة العرب وأرض اليمن[2] .

ইনশাআল্লাহ আমরা একটু পরেই চিত্রের মাধ্যমে এই স্থানটুকু নির্ণয় করার চেষ্টা করবো। তাই এখানে অনুবাদ তুলে ধরলাম না।

---

[1] كشاف اصطلاحات الفنون

[2] معجم البلدان — في ذكر الأقاليم السبعة

অপরদিকে মুজামুল বুলদান গ্রন্থের তুলনায় অতি সুনির্দিষ্ট করে বর্ণনা দেন ইমাম আবু বকর অহমাদ ইবনে আলি ইবনে সাবেত খতিবে বাগদাদি, তারিখে বাগদাদ গ্রন্থে। তিনি প্রথম ইকলিম হিসেবে বলেন,

الإقليم الأول منها إقليم بلاد الهند[1].

এযাবত আলোচনার মোদ্দাকথা থেকে "আল-হিন্দ" -এর সীমানা নির্ণয় হল।

অতএব এটা নিশ্চিত যে, প্রথম ইকলিম হল, ইকলিমে বিলাদে হিন্দ । তথা হিন্দ উপমহাদেশ। নিচে তা চিত্রের মাধ্যমে নির্দিষ্ট করে দেখানো হলো।

প্রথম চিত্রঃ

---

[1] تاريخ بغداد للخطيب البغدادي.

দ্বিতীয় চিত্র:

১. من المشرق يبتدىء من أقصى بلاد الصين, চিনের প্রান্ত থেকে শুরু।

২. وفيه جزيرة سرنديب,স্বর্ণ দ্বীপ বা শ্রীলংকা -এর অন্তর্ভুক্ত।

৩. وعلى سواحل البحر في جنوب بلاد السند, এবং দক্ষিণ সমুদ্রের উপকূলে সিন্দু দেশ।

৪. ثم يقطع البحر إلى جزيرة العرب وأرض اليمن,অত:পর সমুদ্র শেষ হয়েছে আরব উপদ্বীপ -এর ইয়েমেন অঞ্চলে।

গ্রন্থাকার শুরু অর্থাৎ চিনের ভূমির কথা আলোচনা করতে গিয়ে বলেন, ويمر على ما يلي الجنوب من الصين, অর্থাৎ চিনের দক্ষিণে বরাবর নিচে যে অংশটুকু আছে তা। অর্থাৎ বাংলাদেশ, নেপাল, ভূটান, আরাকান, মায়ানমারের কিছু অংশ ও বটে।

দ্বিতীয় অধ্যায়

এবার আসা যাক "আস-সিন্দ" -এর আলোচনায়। ইয়াকুত ইবনে আব্দুল্লাহ আল-হামাবি আল-রুমি বাগদাদী আল মুজামুল বুলদান গ্রন্থে বলেন,

আল মুজামুল বুলদান, ৩য় খন্ড, ২৬৭ নং পৃঃ

السِّنْدُ : بكسر أوّله ، وسكون ثانيه ، وآخره دال
مهملة : بلاد بين بلاد الهند وكرمان وسجستان ،
قالوا : السند والهند كانا أخوين من ولد بوقير بن
يقطن بن حام بن نوح ، يقال للواحد من أهلها سِنديّ
والجمع سند مثل زنجيّ وزنج ، وبعض يجعل
مُكْران منها ويقول : هي خمس كوَر ، فأوّلها من
قبل كرمان مكران ثمّ طوران ثمّ السند ثمّ الهند ثمّ
المُلتان .

অর্থাৎ সিন্দুর বর্তমান ভৌগলিক সীমানা হল, হিন্দ কিরমান ও সিজিস্তোনের মধ্যবর্তী অঞ্চল। উত্তরে ও পশ্চিমে পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশ, উত্তরে পাকিস্তানের পাঞ্জাব প্রদেশ, দক্ষিণ-পূর্বে ও পূর্বে ভারতের গুজরাট ও রাজস্থান অঙ্গরাজ্যদ্বয়, এবং দক্ষিণে আরব সাগর। নিচে চিত্র দ্রষ্টব্য।

(SINDH) দেশ অংশটুকু ৭০০ খ্রি: এর সিন্ধ প্রদেশ।

রসুল স. এর নবুওয়তের ৯০ বছর পরের চিত্র এটি।

৭১১ খ্রি: মুহাম্মাদ বিন কাশিম এর নেতৃত্বাধীন ৬০০০ সৈন্যের এক বাহিনী পারস্যের সবচেয়ে পূর্বের 'মাকরান' (বর্তমান সিন্ধু এবং বেলুচিস্তানের দক্ষিণ) অঞ্চলে এসে পৌঁছায়।

এটির উত্তরে ও পশ্চিমে পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশ, উত্তরে পাকিস্তানের পাঞ্জাব প্রদেশ, দক্ষিণ-পূর্বে ও পূর্বে ভারতের গুজরাট ও রাজস্থান অঙ্গরাজ্যদ্বয়, এবং দক্ষিণে আরব সাগর।

আমাদের এ যাবত আলোচনা থেকে প্রাচীন হিন্দ ও সিন্দ-এর সীমানা বুঝে আসলো। এবং এ কথা বুঝে আসলো যে, হিন্দ বলতে বাংলাদেশ,ভারত,পাকিস্তানের কিছু অংশ, নেপাল, ভূটান, শ্রীলংকা এবং আরাকান ও মায়ানমারের কিছু আংশ বুঝায় । আর এই বিশ্লেষণের মাধ্যমে ভৌগলিক চিত্র ও সীমানা দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে গেল। আলহামদুলিল্লাহ।

তৃতীয় অধ্যায়

এ অধ্যায়ে পুনরায় আমরা হিন্দ ও সিন্দ -এর সীমানা নির্ধারণের চেষ্টা করবো। তবে মৌলিক ভাবে এ প্রমাণের ভিত্তি হবে অধুনিক ভূগোলবিদগণের তথ্য উপাত্য।

প্রথম ও দ্বিতীয় অধ্যায়ে হিন্দ ও সিন্দ-এর ভৌগলিক আলোচনা ছিল ইসলামিক গবেষকগণের। যাদের এ ব্যাপারে বিশ্বাসের কমতি আছে তাদের জন্য নিচে অমুসলিম ভূগোল গবেষকগণের গ্রন্থ ও গবেষণা থেকে কিছু আলোচনা তুলে ধরবো ইনশাআল্লাহ।

আধুনিক ভূগোল গবেষকগণ

আধুনিক ভূগোল গবেষকগণ ইসলাম পূর্ব ভারতের ইতিহাসকে ১৬ টি ভাগে ভাগ করেন। [১]

১. প্রস্তর যুগ- ৭০,০০০-৩৩০০খ্রীষ্টপূর্ব
২. মেহেরগড়া- ৭০০০খ্রীষ্টপূর্ব
৩. হরপ্পা ও মহেঞ্জদর সভ্যতা-৩৩০০-১৭০০খ্রীষ্টপূর্ব
৪. হরপ্পা সংস্কৃতি-১৭০০-১৩০০খ্রীষ্টপূর্ব
৫. বৈদিক যুগ-১৫০০-৫০০খ্রীষ্টপূর্ব
৬. লৌহ যুগ-১২০০-৩০০খ্রীষ্টপূর্ব
৭. ষোড়াশ মহাজনপদ-৭০০-৩০০খ্রীষ্টপূর্ব
৮. মগধ সাম্রাজ্য-৫৪৫খ্রীষ্টপূর্ব
৯. মৌর্য সাম্রাজ্য-৩২১-১৮৪খ্রীষ্টপূর্ব

---

[1] [https://en.wikipedia.org/wiki/History_of_India]

১০. মধ্যকালীন রাজ্যসমূহ-২৫০ খ্রীষ্টপূর্ব
১১. চোল সাম্রাজ্য-২৫০ খ্রীষ্টপূর্ব
১২. সাতবাহন সাম্রাজ্য-২৩০ খ্রীষ্টপূর্ব
১৩. কুষাণ সাম্রাজ্য-৬০-২৪০ খ্রীষ্টাব্দ
১৪. গুপ্ত সাম্রাজ্য-২৮০-৫৫০ খ্রীষ্টাব্দ
১৫. পাল সাম্রাজ্য ৭৫০-১১৭৪ খ্রীষ্টাব্দ
১৬. রাষ্ট্রকুট ৭৫৩-৯৮২ খ্রীষ্টাব্দ -এরপর (ইসলামি আমল শুরু)

এবার আমরা যদি ১৪ নং গুপ্ত সাম্রাজ্য -এর ভৌগলিক স্থান চিহ্নিত করতে পারি তাহলে আমাদের ৫৫০ খ্রীষ্টাব্দ -এর ভারতের ভৌগলিক অবস্থান বুঝে আসবে। নিচে ৫৫০ খ্রীষ্টাব্দ -এর ভৌগলিক ম্যাপ দেয়া হল। [২]

গুপ্ত সাম্রাজ্য-২৮০-৫৫০ খ্রীষ্টাব্দ:

নিচের আরেকটি চিত্রের মাধ্যমে ৭৫০-৯০০খ্রি: -এর ম্যাপ দেয়া হল। [৩]

[2] [https://bit.ly/2vTZ4nh]
[3] [https://bit.ly/2E4E7dC]

পাল সাম্রাজ্য ৭৫০-১১৭৪ খ্রীষ্টাব্দ:

এই চিত্রে স্পষ্ট দেখা যায় যে, হিন্দের মত সিন্দের আলাদা একটি ভূঅংশ বলে পরিচিত।

থমাস লেসম্যান

এবার সিন্দ নিয়ে আলোচনা করা যাক। থমাস লেসম্যান (Thomas Lessman)। একজন বিশিষ্ট ইতিহাসবিদ। ২০ বছরেরও বেশি সময় যাবত বিশ্বের ইতিহাসের গবেষণা কাজে নিয়োজিত। তিনি www.worldhistorymaps.info ওয়েব সাইটে সিন্দুর একটি ম্যাপ প্রকাশ করেন। তার তথ্য মতে তিনি এটি ৭০০ খ্রি:(Sindh (Chachas) in 700 AD)-এর ভৌগলিক অবস্থার উপর ভিত্তি করে তৈরি করেছেন।[১]

আমাদের পূর্ব উল্লিখিত ভৌগলিক সীমানাই তিনি সিন্দ -এর জন্য নির্ধারণ করেছেন। প্রয়োজন হলে ঘুরে অসতে পারি তার ব্যক্তিগত ওয়েব সাইট থেকে।

---

[1] [http://www.worldhistorymaps.info/images/Sindh_700ad.jpg]

আমাদের এ আলোচনা থেকে মোদ্দাকথা এটাই প্রতীয়মান হল যে, বর্তমান সীমারেখা অনুযায়ী বাংলাদেশ, ভারত, পাকিস্তানের কিছু অংশ, নেপাল, ভূটান, শ্রীলংকা এবং আরাকান ও মায়ানমারের কিছু অংশ হাদিসে বর্ণিত হিন্দের অন্তর্ভুক্ত। অতএব হাদিসে বর্ণিত কাঙ্ক্ষিত এবং প্রতিশ্রুত গাযওয়ায়ে হিন্দ এই অঞ্চলসমূহেই অনুষ্ঠিত হবে। আর আলোচ্য দলিলাদির মাধ্যমে তা প্রমাণ করার পর এ বিষয়ে কোনো সন্দেহের অবকাশ নেই।

চতুর্থ পাঠ

তৃতীয় পাঠে আমরা হিন্দ ও সিন্দ -এর সীমানা নির্ধারনের চেষ্টা করেছি। আমাদের আলোচনা ও তথ্য উপাত্ত থেকে এটা প্রতীয়মান হয় যে, বর্তমান সীমারেখা অনুযায়ী বাংলাদেশ, ভারত, পাকিস্তানের কিছু অংশ, নেপাল, ভূটান, শ্রীলংকা এবং আরাকান ও মায়ানমারের কিছু অংশ হাদিসে বর্ণিত হিন্দের অন্তর্ভুক্ত।

তো এবার আমরা একটু প্রাচীন ইতিহাসে ডুব দিতে যাচ্ছি। আমরা দেখবো ইতিহাসে কখনো এই কাঙ্ক্ষিত গাযওয়া সংগঠিত হয়েছি কি না। কিংবা ইসলাম আগমনের পর থেকে এ অঞ্চলে যে যুদ্ধ সমূহ পরিচালিত হয়েছে তার থেকে কোনোটি কি সেই কাঙ্ক্ষিত গাযওয়াতুল হিন্দ কি না! তো চলুন পাঠক আমরা একটু ফিরে তাকাই আজ থেকে ১৪০০ বছর পূর্বের ইতিহাসে।

যুগে যুগে মুসলিমদের হিন্দ এলাকায় অভিযান ও প্রতিশ্রুত গাযওয়াতুল হিন্দঃ

আমরা শুরুতে যুগে যুগে মুসলমানদের হিন্দ অভিযানকে পয়েন্টভিত্তিক আলোচনা করবো। এবং সহজে অনুমানের জন্য আমরা ইতিহাসকে মোট এগারো ভাগে ভাগ করেব। এবং প্রতিটি আলোচনায় আমরা প্রধানত তিনটি দিক তুলে ধরার চেষ্টা করবো।

এক. ইসলামের অবস্থা ও সমসাময়িক পরিস্থিতি।

দুই. মুসলমানদের পরিচালিত অভিযানসমূহ।

তিনঃ “গাযওয়াতুল হিন্দ” প্রেক্ষাপট ও হাদিসে বর্ণিত চিত্রের সাথে তুলনা।

বিশেষ নোট:

প্রথমত:

আমরা শুরুতে হাদিসসমূহ নিয়ে সবিস্তার আলোচনা করেছি। আমাদের হাদিসসমূহের তাখরিজ এবং সনদের আলোচনায় এ বিষয়টিও ফুটে উঠেছে যে, উল্লিখিত হাদিস সমূহের কিছু ছহিহ, কিছু হাসান,কিছু ছিকাহ্ রাবীগণদের থেকে মারফু বর্ণনা সনদে বর্ণিত। সুতরাং গাযওয়ায়ে হিন্দ যে সংগঠিত হবে কিংবা ইতিহাসে কোন না কোন সময়ে তা হয়েছে তা সুনিশ্চিত।

কেননা, এই মোবারকময় যুদ্ধের সুসংবাদ দিয়েছেন প্রিয় নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।

আল্লাহ রাব্বুল আলামিন বলেন,

وَمَا يَنطِقُ عَنِ الْهَوَىٰ- إِنْ هُوَ إِلَّا وَحْيٌ يُوحَىٰ

আর তিনি মনগড়া কথা বলে না। যা বলেন,তাতো কেবল ওহী, যা তার প্রতি ওহীরূপে প্রেরণ করা হয়।[১]

আর সকল ক্ষেত্রে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনুগত্য করা আবশ্যক। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনুগত্য করা মূলত আল্লাহ তা'আলার আনুগত্য করা। ইরশাদ হচ্ছে:

﴿ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓاْ أَطِيعُواْ ٱللَّهَ وَأَطِيعُواْ ٱلرَّسُولَ وَأُوْلِي ٱلْأَمْرِ مِنكُمْۖ فَإِن تَنَٰزَعْتُمْ فِي شَيْءٖ فَرُدُّوهُ إِلَى ٱللَّهِ وَٱلرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِٱللَّهِ وَٱلْيَوْمِ ٱلْأٓخِرِۚ ذَٰلِكَ خَيْرٞ وَأَحْسَنُ تَأْوِيلًا ٥٩) [النساء : ٥٩

"হে মুমিনগণ, তোমরা আনুগত্য কর আল্লাহর ও আনুগত্য করো রাসূলের এবং তোমাদের মধ্য থেকে কর্তৃত্বের অধিকারীদের। অত:পর কোনো বিষয়ে যদি তোমরা মতবিরোধ করো তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে প্রত্যাবর্তন করাও যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখ। এটি উত্তম এবং পরিণামে উৎকৃষ্টতর"।[২]

---

[১]. সুরা আন নাজম ৫৩-২-৩

[২]. সূরা নিসা: (৫৯)

দ্বিতীয়ত:

আমরা গাযওয়াতুল হিন্দ পরিচ্ছেদে যে সকল হাদিসসমূহ বর্ণিত হয়েছে তার একটি সামগ্রিক চিত্র তৈরি করত যুগে যুগে মুসলিম পরিচালিত অভিযানসমূহ পর্যালোচনা করবো। আর কোনো পরিচ্ছেদের সকল হাদিস একত্র করে যে একটি সামগ্রিক চিত্র ও রূপরেখা দাড় করিয়ে বিষয়টি বিবেচনা করা যায় তা আল্লামা মোল্লা জিওন (রাহিমাহুল্লাহ) নুরুল আনওয়ার গ্রন্থ-এর একাটি ভাষ্য দ্বারা সুস্পষ্ট।

বর্ণিত হাদিসসমূহ থেকে গাযওয়াতুল হিন্দের সামগ্রিক চিত্রটি দাড়ায়,

১. বিজয়ের উদ্দেশ্যে এ উম্মাহর একটি দল সিন্দ ও হিন্দের দিকে যাবে। (হাদিস নং: ১, ৪)

২. যুদ্ধ করবে। (হাদিস নং: ১, ২, ৪)

৩. গোটা হিন্দ বিজয় করবে। (হাদিস নং: ৩, ৪, ৫)

৪. হিন্দুস্থানের রাজাদেরকে শিকল পড়িয়ে টেনে সিরিয়ায় আনবে। (হাদিস নং: ৩, ৪, ৫)

৫. যারা ফিরে আসবে, তারা ঈসা ইবনে মারইয়াম আলাইহিস সালাম কে শামে পেয়ে যাবে। (হাদিস নং: ৩, ৫, ৭)

৬. সেই দলটি হিন্দে ততক্ষণ পর্যন্ত অবস্থান করবে, যতক্ষণ না দাজ্জালের আগমন ঘটে। (হাদিস নং: ৪, ৭)

এবার আমরা মূল আলোচনার দিকে অগ্রসর হই।

১. রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর যুগে সিন্দ ও হিন্দ।

ইসলামের প্রাথমিক যুগেই মুসলিম ধর্ম প্রচারকেরা সারা বিশ্বে ইসলাম প্রচারে ছড়িয়ে পড়েন। ওই একই সময় তারা ভারত, শ্রীলংকা, আফগানিস্তানেও ইসলামের বাণী নিয়ে আসেন।

৬২৯ সালে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (৬৩২ খ্রি.) -এর জীবদ্দশাতেই ভারতে প্রথম মসজিদ স্থাপিত হয়। চেরামন পেরুমল নামে জনৈক নব মুসলিম সমাজের সাধারণ মুসলমানের জন্য কেরলের ত্রিসূর জেলায় মালিক ইবনে দিনার মসজিদটি নির্মাণ করেন। উল্লেখ্য, পেরুমলকেই প্রথম ভারতীয় মুসলমান মনে করা হয়।

মালাবারের মাপ্পিলা সম্প্রদায়ই সম্ভবত প্রথম ভারতীয় মুসলমান সম্প্রদায়; কারণ এই সম্প্রদায়ই আরব বণিকদের সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে মেলামেশা করত। এই সময় সমগ্র উপকূল জুড়ে ব্যাপক প্রচারকার্য চালানো হয় এবং বেশ কিছু স্থানীয় অধিবাসী ইসলাম ধর্ম গ্রহণ করেন। এই সকল নব্য ধর্মান্তরিতেরা মাপ্পিলা সম্প্রদায়ভুক্ত হয়েছিলেন। আরব বণিকদের সঙ্গে এই সম্প্রদায়ের বৈবাহিক সম্পর্কও স্থাপিত হয়েছিল।

২. আবু বকর রাযিআল্লাহু আনহু -এর শাসনামলে সিন্দ ও হিন্দ।

আমাদের সংক্ষিপ্ত ইতিহাস ও তারিখের কিতাবসমূহে হযরত আবু বকর রাযিআল্লাহু আনহু -এর যামানায় হিন্দ প্রদেশে মুসলমানদের কোনো অভিযানের বা যুদ্ধ পরিচালনার কোনো তথ্য নেই।

৩. উমর রাযিআল্লাহু আনহু -এর শাসনামলে সিন্দ ও হিন্দ।

এক. ইসলামের অবস্থা ও সমসাময়িক পরিস্থিতি।

খলিফা আবু বকর রাযি.এর মত হযরত উমর রাযি. কে ইসলামের একতা ধরে রাখার মত কোনো চ্যালেঞ্জ মোকাবেলা করতে হয়নি। খলিফা আবু বকর রাযি. এর খেলাফত কালে সাসানি নিয়ন্ত্রিত মেসোপটমিয়াতে মুসলিমদের ছোটখাটো অভিযান শুরু হয়ে গিয়েছিল। উমর রাযি. এগুলো অব্যাহত রাখেন। মুসলমানদের এই সামরিক অভিযান ছিল নতুন ধরনের একটি যুদ্ধ।

সিরিয়া ও মেসোপটমিয়াতে ৬৩৩ খ্রি. এক সাথে সেনাবাহিনী প্রেরণ করা হয়। ৬৩৫ খ্রি. দামেস্ক বিজয় হয়। ৬৩৮ খ্রি. সিরিয়া মুসলমানদের নিয়ন্ত্রনে এসে যায়।

দুই. মুসলমানদের পরিচালিত অভিযানসমূহ।

হযরত ওমর রাযিআল্লাহু আনহু কর্তৃক নিযুক্ত বাহরাইন ও ওমানের শাসনকর্তা প্রখ্যাত সাহাবী উসমান ইবনে আবুল আস সাক্বাফী রাযিআল্লাহু আনহু ৬৪৩ সনে স্বীয় ভাই আল হাকাম কে সিন্দ -এর বরুচ অঞ্চলে এবং অপর ভাই মুগীরা ইবনে আবুল আসকে দেবল অভিযানে প্রেরণ করেন। তিনি নিজেও নৌবহর নিয়ে মুম্বাইয়ের নিকটে থান-এ হামলা চালান। তারা তথাস্থ ক্ষমতাসীনদের পরাস্থ করে প্রথম সিন্দ অঞ্চলে ইসলামের বিজয় কেতন উড্ডীন করেন। ফুতুহুল বুলদানের তথ্যমতে তিনটি অভিযানই সফল হয়,[১] তবে অন্য সূত্রমতে মুগীরা দেবলে পরাজিত ও নিহত হন।[২]

এ সময় সিন্দ অঞ্চলে আগত সাহাবীগণের নাম।

১. আব্দুল্লাহ ইবনে আব্দুল ওতবান রাযি.।
২. আশইয়াম ইবনে আমর তামিমী রাযি.।
৩. সোহার ইবনে আল আবদি রাযি.।
৪. সুহাইল ইবনে আদী রাযি.।

অন্যন্য অনেক সাহাবিই সে সময় সিন্দ অভিযানে অংশগ্রহণ করেন।

তিন: গাযওয়াতুল হিন্দের প্রেক্ষাপট ও হাদিসে বর্ণিত চিত্রের সাথে তুলনা।

১. প্রসিদ্ধ লেখক আবুল আব্বাস আহমাদ তার *কিতাব ফুতুহুল বুলদান* গ্রন্থে বলেন, উসমান ইবনে আবুল আস সাক্বাফী রাযিআল্লাহু আনহু আল হাকাম -এর সিন্দের বরুচ অঞ্চলে এবং মুগীরা ইবনে আবুল আস -এর দেবল অভিযানের কথা উমর রাযিআল্লাহু আনহু কে জানানো হয়নি বলে তিনি উসমান ইবনে আবুল আসকে তিরস্কার করেন।[৩]

---

১. আল বালাযুরি, আবুল আব্বাস আহমাদ, "কিতাব ফুতুহুল বুলদান, ২য় খণ্ড",পৃ.২২৭

২. [Fredunbeg, Mirza Kalichbeg, "the Chachnama: An Ancient History of Sind", pp57]

৩. আল বালাযুরি, আবুল আব্বাস আহমাদ , "কিতাব ফুতুহুল বুলদান, ২য় খণ্ড-পৃ.২১২০

২. হিন্দুস্তানের ইতিহাস নিয়ে কিছু কিছু বই পুস্তক অধ্যয়ন করলে একটি বিষয় ফুটে ওঠে যে, মূলত অভিযানগুলো হয়েছিলো জলদস্যুদের বিরুদ্ধে, যারা আরব সাগরে তাদের নিরাপত্তার জন্য কাল ছিলো। তাই তারা বাণিজ্যপথ নিরাপদ রাখার জন্যে, এই অভিযান প্রেরণ করেন ভারত জয়ের উদ্দেশ্যে নয়। এজন্য দেখা যেতে পারে হিন্দু লেখক সেন শৈলেন্দ্র নাথ -এর "Ancient Indian History and Civilization 2nd Edition"বই -এর ৩৪৬ পৃষ্ঠা। এবং খুশালানি গোবিন্দ, -এর "Chachnama Retold An Account of the Arab Conquests of Sindh" বই -এর ২২১ পৃষ্ঠা।তাছাড়া "Spread of Islam throughout the World " বই -এর ৫৯৪ পৃষ্ঠাতেও -এর একটি চিত্র ফুটে উঠেছে।

